### কয়েকমাসের মধ্যেই

# আইআইবিএস-এর কোর্স করে গ্রামীণ ব্যাঙ্ক সহ রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে চাকরি

সৈকত হালদার

**আ**গামী ৫ -৬ মাসের মধ্যে গ্রামীণ ব্যাঙ্ক সহ সব রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে কয়েকহাজার শূন্যপদ পূরণের জন্য বিজ্ঞপ্তি প্রকাশিত হবে। অর্থাৎ হাতে সময় কম। এই কম সময়ে কীভাবে প্রস্তুতি নিলে ব্যাঙ্কে মোটা মাইনের সুনিশ্চিত চাকরি পাবেন তা জানতে গিয়েছিলাম রাজ্যের সেরা ব্যাঙ্কিং ইনস্টিটিউটের (আইআইবিএস) ডিরেক্টর সুব্রত কুমার মণ্ডলের কাছে।

**প্রশ্ন :** *নতুন বছরের প্রথম কয়েক মাসের মধ্যেই গ্রামীণ ব্যাঙ্ক সহ সব রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে বিশাল সংখ্যক শূন্যপদে নিয়োগ হবে। এটা কি সত্যি ?*

**উত্তর :** একদম সঠিক তথ্য। কারণ বর্তমানে ব্যাঙ্কের কাজের পরিধি অনেক বেড়েছে, ফলে ব্যাঙ্কের নতুন নতুন শাখার উদ্বোধন হচ্ছে ও প্রায় প্রতিদিন ব্যাঙ্ক কর্মীদের অবসর গ্রহণের জন্য বিশাল সংখ্যক শূন্যপদ তৈরি হচ্ছে। সুতরাং আগামী কয়েক মাসের মধ্যেই প্রায় ২০ হাজার শূন্যপদের বিজ্ঞপ্তি প্রকাশিত হতে চলেছে।

**প্রশ্ন :** *কতদিনের মধ্যে ব্যাঙ্কে চাকরি পাওয়া যায় ?*

**উত্তর :** পরীক্ষার দিন থেকে ফাইনাল সিলেকশন সাধারণত ৬ থেকে ৮ মাসের মধ্যেই হয়। সেকারণে চাকরি পাওয়া যায় খুব তাড়াতাড়ি। তাই সবচেয়ে দ্রুত পাওয়া স্থায়ী এই গ্ল্যামারফুল চাকরির কোনো বিকল্প নেই।

**প্রশ্ন :** *বছরে কয়টা বিজ্ঞপ্তি প্রকাশিত হয় ?*

**উত্তর :** ব্যাঙ্কে চাকরির বিজ্ঞপ্তি গড়ে প্রতি দেড় মাস-২ মাস অন্তর বেরোয়। ফলে অন্যান্য চাকরির থেকে ব্যাঙ্ক চাকরি পাওয়ার সুযোগ অনেক অনেক বেশি।

**প্রশ্ন :** *এখানে কী কী পরীক্ষার জন্য ট্রেনিং দেওয়া হয় ও ভর্তির জন্য শিক্ষাগত যোগ্যতাই বা কী ?*

**উত্তর :** আইবিপিএস এর রিজিওনাল রুরাল ব্যাঙ্ক, ব্যাঙ্ক ক্ল্যারিক্যাল, প্রবেশনারি অফিসার, স্টেট ব্যাঙ্কের ক্ল্যারিক্যাল, প্রবেশনারি অফিসার, রিজার্ভ ব্যাঙ্কের গ্রেড 'বি' ইত্যাদি এককথায় ব্যাঙ্কের সব পরীক্ষার প্রশিক্ষণ এই ব্যাঙ্কিং ইনস্টিটিউট থেকেই পাওয়া যায়। ফাইন্যাল ইয়ার ডিগ্রি বা গ্র্যাজুয়েটরাই ভর্তির জন্য আবেদনের যোগ্য।

### অনন্য নজির

বিগত ৩ দশক ধরে এখান থেকে পাশ করে ১৭,০০০ এর বেশি ছেলেমেয়ে ব্যাঙ্কে কর্মরত। সাফল্যের এই নজির সম্ভবত আর কারো নেই।

**প্রশ্ন :** *এখানকার প্রশিক্ষণের এত সুনাম কেন ?*

**উত্তর :** দেখুন, 'শর্টকাট' মেথডের জন্য আইআইবিএস বিখ্যাত। কম সময়ের মধ্যে অনেক বেশী প্রশ্নের উত্তর দেওয়ার কৌশল একমাত্র এখানেই যত্ন সহকারে শেখানো হয়। এছাড়া, ফর্ম ফিলাপ কীভাবে করলে, অ্যাপ্লিকেশন বাতিল হবে না- সেই ব্যাপারেও এখানে আলাদাভাবে নজর দেওয়া হয়। এছাড়াও এখানকার স্টাডি মেটেরিয়াল এতটাই স্বতন্ত্র যে এখান থেকে পড়লে সব ধরণের ব্যাঙ্কের পরীক্ষাতেই প্রশ্নপত্র অনেকটাই কমন পাওয়া যায়।

**প্রশ্ন :** *পরীক্ষা পদ্ধতির ব্যাপারে কী আলাদা করে নজর দেওয়া হয় ?*

**উত্তর :** ব্যাঙ্কে চাকরি পেতে গেলে এই ট্রেডের পরীক্ষা পদ্ধতি বোঝাটা সবচেয়ে গুরুত্বপূর্ণ। কীভাবে কোন কোন প্রশ্নের উত্তর প্রথম, দ্বিতীয়, তৃতীয় অর্থাৎ এককথায় দ্রুত উত্তর দেওয়ার কৌশল এখানকার ছাত্রছাত্রীদের ভীষণভাবে রপ্ত করানো হয়। কারণ প্রতিটি পরীক্ষায় নেগেটিভ মার্কিং আছে। অর্থাৎ সবচেয়ে দ্রুত অথচ সবচেয়ে বেশি সংখ্যক নির্ভুল প্রশ্নের উত্তর দেওয়াটাই এই পরীক্ষা ক্র্যাক করার সবচেয়ে গুরুত্বপূর্ণ ধাপ। এখানে এই ব্যাপারে বিশেষজ্ঞদের নিয়ে স্পেশাল সেশনেরও ব্যবস্থা আছে।

**প্রশ্ন :** *কোর্স শেষ হওয়ার পরও এখান থেকে কী কোনো সাহায্য পাওয়া যায় ?*

**উত্তর :** দেখুন, আমাদের এখানে একবার কোনো ছেলেমেয়ে ভর্তি হলে কোর্স শেষ হওয়ার পরেও যতদিন না অবধি সে চাকরি পায়, ততদিন তাকে বিভিন্নভাবে সাহায্য করা হয়। যেমন, doubt clearing class / orientation workshop lecture / examination procedure / art of interview ইত্যাদি অত্যাধুনিক ক্লাসেরও সুবিধা দেওয়া হয় তাঁকে। অর্থাৎ একবার কেউ এখানে ঢুকলে, ব্যাঙ্কে চাকরি নিয়েই সে এখান থেকে বেরোবে।

**প্রশ্ন :** *পরীক্ষার কতদিন আগে থেকে ক্লাস করলে ব্যাঙ্কে নিশ্চিত চাকরি পাওয়া যায় ?*

**উত্তর :** দেখুন, বিজ্ঞপ্তি বেরনোর দিন থেকে পরীক্ষার দিনের ব্যবধান এখন অনেক কম থাকে। তাই এখনই ভর্তি হওয়া উচিত। কারণ, আগামী ৬ মাসের মধ্যেই অধিকাংশ ব্যাঙ্কেরই বিজ্ঞপ্তি প্রকাশিত হয়ে যাওয়ার সম্ভাবনা প্রবল।

**প্রশ্ন :** *গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা কোথায় প্রশিক্ষণ নিলে ৭-৮ মাসের মধ্যে ব্যাঙ্কে চাকরি পেতে সুনিশ্চিত হবে, সেই ব্যাপারে কোথায় যোগাযোগ করলে ভালো হয় ?*

**উত্তর :** বিস্তারিত জানতে ফোন করুন এই নাম্বারে: (৯৮৩১৭-৮৯৫৩৬/৮৭৭৭৪-০১৫৩৪) অথবা এই ঠিকানায় : **ইন্ডিয়ান ইন্সটিটিউট অফ ব্যাঙ্কিং এন্ড সার্ভিসেস (আইআইবিএস)**, ২০/১ বালিগঞ্জ স্টেশন রোড, কলকাতা- ৭০০০১৯।

**কর্মসংস্থান**
সাপ্তাহিক পত্রিকা
প্রধান কার্যালয়
১২/৩/৪ জামির লেন,
কলকাতা - ৭০০ ০১৯
হেল্পলাইন
✆ : ৬২৯১৬৮৪৯৪৩
কাগজ না পেলে এই নম্বরে জানান
✆ : ৯৮৩০৬২৪১৭০
ই-মেল
karmsang@gmail.com

### বিশেষ বিজ্ঞপ্তি

'**কর্মসংস্থান**' পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের বিষয়বস্তু ও যথার্থতার যাবতীয় দায়িত্ব বিজ্ঞাপনদাতাদের। কোনো সংস্থার বিজ্ঞাপন, আইনী সমস্যা সৃষ্টি করলে বা, কারো আর্থিক ক্ষতির জন্য দায়ী হলে, তার যাবতীয় দায়-দায়িত্ব পুরোপুরি বিজ্ঞাপনদাতা সংস্থার ওপরই বর্তাবে। '**কর্মসংস্থান**' পত্রিকা বা, 'সংস্থান প্রকাশন প্রাইভেট লিমিটেড' তার জন্য কোনোভাবেই দায়ী নয়।

— সম্পাদক, **কর্মসংস্থান**।

### চাকরির জন্য টাকা দেবেন না

বেকার ছেলেমেয়েরা যাতে না ঠকেন, সেজন্য ট্রেড লাইসেন্স-সহ যাবতীয় তথ্যাদি দেখে নিশ্চিন্ত হয়েই বিজ্ঞাপন নেওয়া হয়। তবু কিছু সংস্থা ড্রেস ও এখনই চাকরি দেওয়ার লোভ দেখিয়ে হাজার-হাজার টাকা নেওয়ার চেষ্টা করছেন বলে অভিযোগ আসছে। লোভে পড়ে টাকা দেবেন না। এমনকী কোনোরকমের রেজিস্ট্রেশন ফী-ও দেবেন না। আর তা সত্ত্বেও টাকা দিলে নিজ দায়িত্বেই দেবেন। সেজন্য আমরা দায়ী নই। বেশি টাকার চাহিদা শুনলেই সংস্থাটি ও ব্যক্তির নাম-ঠিকানা জানিয়ে লিখিত অভিযোগ স্থানীয় থানায় জানাবেন। নিজ দায়িত্বে টাকা দেওয়ার পর আর ফোনে অভিযোগ জানাবেন না। যাবতীয় যোগাযোগ করতে পারেন টাকা দেওয়ার আগে।

— সম্পাদক, **কর্মসংস্থান**।

## ফিজিওথেরাপি, যোগা কোর্স করে সরাসরি রোজগার

**নিজস্ব সংবাদদাতা, নৈহাটি :** ন্যাশনাল কাউন্সিল অফ এডুকেশানাল ট্রেনিং ইনস্টিটিউট অ্যাণ্ড রিসার্চ-এর সব ভোকেশনাল কোর্সের মধ্যে যেগুলি নিয়ে পড়লে চাকরির বাজারে সবচেয়ে বেশি গুরুত্ব পাওয়া যায় সেগুলি হল যোগা, ফিজিওথেরাপি ও নার্সিং। এই ধরনের কোর্স পড়ানোর জন্য যেধরনের ফ্যাকাল্টি অথবা ইন্ডাস্ট্রিয়াল প্লেসমেন্ট সেল দরকার তা এককথায় পাওয়া যাবে নৈহাটি ঠাকুরপাড়া যোগা ও মেডিটেশন সেন্টারে। তাই এটি এখন রাজ্যের মধ্যে সেরা। এখানে ফিজিওথেরাপি (ডিপিটি), যোগা (অ্যাডভান্সড) ও নার্সিং (জিএনএম)-এর মতো প্রথম সারির ভোকেশনাল কোর্সে ট্রেনিং দেওয়ার জন্য ভর্তি চলছে। এখান থেকে পাশ করলে যে শুধুমাত্র চাকরিই পাবেন তাই নয়, আবার যদি কেউ ব্যবসাও করতে চান তাহলে তাঁকে বিভিন্ন ভাবে সাহায্য করা হয়। এই সংস্থার অন্যতম উল্লেখযোগ্য বৈশিষ্ট্য হল এটি রাজ্যের অন্যতম ISO সার্টিফায়েড ট্রেনিং সেন্টার। বিশদে জানতে সরাসরি চলে আসুন এই ঠিকানায় : ৪/১, শ্যাম রোড, নৈহাটি, উত্তর ২৪ পরগনা অথবা ফোন করুন এই নম্বরে : 8420396605 / 9123820110 / 6291166410.

## আয়ুর্বেদিক কোম্পানিতে সেলস-এ নিয়োগ

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** রাজ্যের অন্যতম সেরা আয়ুর্বেদিক সংস্থা আনন্দময়ী আয়ুর্বেদ প্রাইভেট লিমিটেড-এ 'সেলস ম্যানেজার', 'মেডিক্যাল রিপ্রেজেনটেটিভ', 'টেলিকলার' ও 'টিম লিডার' পদে বেশ কিছু ফ্রেশার ছেলেমেয়ে নেওয়া হচ্ছে। যোগ্যতা অনুসারে আকর্ষনীয় বেতন দেওয়া হবে। ইচ্ছুক ছেলেমেয়েরা ২৪.১২.২০২৪ তারিখের মধ্যে এই নম্বরে হোয়াটসঅ্যাপ করে CV পাঠান : 7384181998.

## তপশিলীদের নিখরচায় ট্রেনিং ও কর্মসংস্থান

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা :** পশ্চিমবঙ্গ সরকারের অধীন তপশিলী জাতি, আদিবাসী ও অন্যান্য অনগ্রসর শ্রেণি উন্নয়ন ও বিত্ত নিগম তপশিলী সম্প্রদায়ের ছেলেমেয়েদের নিখরচায় অ্যাসিস্ট্যান্ট ইলেক্ট্রিশিয়ান ট্রেডে ট্রেনিং দিচ্ছে। মাধ্যমিক পাশরা যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে। পারিবারিক বার্ষিক আয় হতে হবে ৩ লাখ টাকার মধ্যে। ট্রেনিংয়ের পর কর্মসংস্থান ও স্বনিযুক্তির সুযোগ আছে। সীট : ১২০টি। প্রশিক্ষণ রূপায়ণে 'ওরিয়েন এডুটেক'। অনলাইনে সরাসরি আবেদন করতে হবে এই ওয়েবসাইটে : www.wbdcdev.gov.in বিস্তারিত জানতে যোগাযোগ করতে পারেন এই নম্বরে : ৯৬৩৫৭৯০১৪৬, ৮৫০৯৮৭৮৮৫৫। আবেদনের শেষ তারিখ ২৬ ডিসেম্বর। ট্রেনিং দেওয়া হবে এই ঠিকানায় : মাতৃ কমপ্লেক্স, ২য় তল, জনকল্যাণ মোড়, ক্যানিং, তালদি, পিন : ৭৪৩৩৭৬।

## ৩৭৮ অ্যাপ্রেন্টিস

১ পাতার পর

**অপারেটর কেমিক্যাল প্ল্যান্ট :** ফিজিক্স, কেমিস্ট্রি ও অঙ্ক বা, বায়োলজি বিষয় নিয়ে বি.এসসি. কোর্স পাশরা যোগ্য। বয়স হতে হবে ২৫ বছরের মধ্যে। ১ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ৯,০০০ টাকা। শূন্যপদ: ৭৪টি (ট্রম্বে ৩৩, থাল ৪১)।

**ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট কেমিক্যাল প্ল্যান্ট :** ফিজিক্স, কেমিস্ট্রি ও অঙ্ক বা, বায়োলজি বিষয় নিয়ে বি.এসসি. কোর্স পাশরা যোগ্য। বয়স হতে হবে ২৫ বছরের মধ্যে। ১ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ৯,০০০ টাকা। শূন্যপদ : ১৪টি (ট্রম্বে ৬, থাল ৮)।

**ইন্সট্রুমেন্ট মেকানিক কেমিক্যাল প্ল্যান্ট :** ফিজিক্স, অঙ্ক, কেমিস্ট্রি বিষয় নিয়ে বি.এসসি. কোর্স পাশরা যোগ্য। বয়স হতে হবে ২৫ বছরের মধ্যে। ১ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ৯,০০০ টাকা। শূন্যপদ : ৩টি (ট্রম্বে ২, থাল ১)।

**ইলেক্ট্রিশিয়ান :** সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক পাশরা যোগ্য। বয়স হতে হবে ২৫ বছরের মধ্যে। ২ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ৭,০০০ টাকা। শূন্যপদ : ৪টি (ট্রম্বে ২, থাল ২)।

**বয়লার অ্যাটেন্ড্যান্ট :** বিজ্ঞান বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা যোগ্য। বয়স হতে হবে ২৫ বছরের মধ্যে। ২ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ৭,০০০ টাকা। শূন্যপদ : ৩টি (ট্রম্বে ২, থাল ১)।

**হর্টিকালচার অ্যাসিস্ট্যান্ট :** উচ্চমাধ্যমিক পাশরা যোগ্য। বয়স হতে হবে ২৫ বছরের মধ্যে। ২ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ৭,০০০ টাকা। শূন্যপদ : ৬টি (ট্রম্বে ৩, থাল ৩)।

**মেডিক্যাল ল্যাব টেকনিশিয়ান (প্যাথলজি) :** সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক পাশরা যোগ্য। বয়স হতে হবে ২৫ বছরের মধ্যে। ১৫ মাসের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ৭,০০০ টাকা। শূন্যপদ : থালে ২টি।

**টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস নেওয়া হবে এইসব ট্রেডে :**

**কেমিক্যাল :** কেমিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। বয়স হতে হবে ২৫ বছরের মধ্যে। ১২ মাসের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ৮,০০০ টাকা। শূন্যপদ : ২০টি (ট্রম্বে ১০, থাল ১০)।

**সিভিল :** সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। বয়স হতে হবে ২৫ বছরের মধ্যে। ১২ মাসের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ৮,০০০ টাকা। শূন্যপদ : ১৪টি (ট্রম্বে ৯, থাল ৫)।

**কম্পিউটার :** কম্পিউটার ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। বয়স হতে হবে ২৫ বছরের মধ্যে। ১২ মাসের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ৮,০০০ টাকা। শূন্যপদ : ৬টি (ট্রম্বে ৩, থাল ৩)।

**ইলেক্ট্রিক্যাল :** ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। বয়স হতে হবে ২৫ বছরের মধ্যে। ১২ মাসের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ৮,০০০ টাকা। শূন্যপদ : ১০টি (ট্রম্বে ৫, থাল ৫)।

**ইন্সট্রুমেন্টেশন :** ইন্সট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। বয়স হতে হবে ২৫ বছরের মধ্যে। ১২ মাসের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ৮,০০০ টাকা। শূন্যপদ : ২০টি (ট্রম্বে ১০, থাল ১০)।

**মেকানিক্যাল :** মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। বয়স হতে হবে ২৫ বছরের মধ্যে। ১২ মাসের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ৮,০০০ টাকা। শূন্যপদ : ২০টি (ট্রম্বে ১০, থাল ১০)।

**গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস নেওয়া হবে এইসব ট্রেডে :**

**রিক্রুটমেন্ট এক্সিকিউটিভ (হিউম্যান রিসোর্স) :** ডিগ্রি কোর্স পাশরা ইংরিজিতে জ্ঞান থাকলে যোগ্য। কম্পিউটারে কাজ চালানোর মতো জ্ঞান থাকতে হবে। বয়স হতে হবে ২৫ বছরের মধ্যে। ১২ মাসের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ৯,০০০ টাকা। শূন্যপদ : ৩৫টি (ট্রম্বে ২০, থাল ১৫)।

**অ্যাকাউন্টস এক্সিকিউটিভ :** বি.কম., বি.বি.এ. বা, ইকনমিক্স নিয়ে ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। বেসিক ইংরিজি ও কম্পিউটারে কাজ চালানোর মতো জ্ঞান থাকতে হবে। বয়স হতে হবে ২৫ বছরের মধ্যে। ১৩ মাসের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ৯,০০০ টাকা। শূন্যপদ : ৫১টি (ট্রম্বে ২৬, থাল ২৫)।

**সেক্রেটারিয়েল অ্যাসিস্ট্যান্ট :** ডিগ্রি কোর্স পাশরা ইংরিজিতে জ্ঞান থাকলে যোগ্য। কম্পিউটার চালনায় দক্ষতা থাকতে হবে। বয়স হতে হবে ২৫ বছরের মধ্যে। ১৫ মাসের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ৯,০০০ টাকা। শূন্যপদ : ৯৬টি (ট্রম্বে ৬৬, থাল ৩০)।

ওপরের সব ট্রেডের বেলায় শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে মোট অন্তত ৫০% নম্বর পেয়ে থাকতে হবে। তপশিলী ও প্রতিবন্ধীরা ৫% নম্বরে ছাড় পাবেন। বয়স হতে হবে ১-১২-২০২৪'র হিসাবে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা ১০ বছর বয়সে ছাড় পাবেন। ট্রেনিং হবে ট্রম্বে, থাল জেলায়। প্রার্থী বাছাই হবে শিক্ষাগত যোগ্যতায় পাওয়া নম্বর দেখে। সফল হলে সার্টিফিকেট ভেরিফিকেশন।

দরখাস্ত করবেন অনলাইনে, ২৪ ডিসেম্বর পর্যন্ত। ট্রেড অ্যাপ্রেন্টিস হিসাবে নাম নথিভুক্ত করবেন এই ওয়েবসাইটে : www.apprenticeshipindia.org/candidate-registration টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস, গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস হিসাবে নাম নথিভুক্ত করবেন এই ওয়েবসাইটে www.nats.education.gov.in অনলাইনে দরখাস্ত করার সময় বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও ফটো ও সিগনেচার জে.পি.ই.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নিয়ে যাবেন। এবার ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য সঠিকভাবে দিয়ে 'সাবমিট' করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে ও সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওপরের ওই ওয়েবসাইটে।

**কর্মসংস্থান**
শ্রেণিবদ্ধ বিজ্ঞাপনের জন্য
সরাসরি যোগাযোগ
✆:7890135514

JOIN: VISION_ACADEMY_PDF

## চাকরির পরীক্ষায় সাফল্যের প্রস্তুতি

কোন ধরনের চাকরির পরীক্ষায় কীভাবে তৈরি হবেন, কোন বিষয়ে কী কী বই পড়বেন, উত্তর কী মানের দেওয়া উচিত ও প্রস্তুতির সময় কোন-কোন দিকে নজর দিতে হবে, সে বিষয়ে প্রতি সংখ্যায় ধারাবাহিকভাবে সাফল্যের টিপস দিচ্ছেন নানান পরীক্ষার কৃতীরা।

# এবছর ইন্ডিয়ান স্ট্যাটিস্টিক্যাল সার্ভিস পরীক্ষায় কীভাবে সফল হলাম



**বিল্টু মাজি**
**দ্বিতীয় স্থানাধিকারী**

পূর্ব বর্ধমানের আউশগ্রাম থানার পান্ডুক গ্রামের এক গরিব পরিবারে ছেলে আমি। বাবা জয়দেব মাজি চাষবাস করে আমাদের ২ ভাইবোনকে মানুষ করেন। মা সুমিত্রা মাজি গৃহবধু হলেও কাঁথা স্টিচের কাজ করে আর বাচ্চাদের টিউশন পড়িয়ে আমাদের লেখাপড়া শিখিয়েছেন। আউশগ্রামের পিপিডি হাই স্কুল থেকে ২০১৫ সালে মাধ্যমিক আর শ্রীনিকেতনের শিক্ষাসত্র থেকে ২০১৫ সালে উচ্চমাধ্যমিক পাশ করি। এরপর বিশ্বভারতী থেকে ২০২০ সালে রাশিবিজ্ঞানে অনার্স নিয়ে ডিগ্রি কোর্স পাশ করি।

ISS পরীক্ষায় দ্বিতীয় স্থানাধিকারী
বিল্টু মাজির
সাফল্য ও উজ্জ্বল ভবিষ্যতের কামনায়
A.B. MEMORIAL EYE FOUNDATION
অভিজ্ঞ চিকিৎসক ও সর্বাধুনিক মেশিনের সাহায্যে সমস্ত অপারেশন করা হয়
আমলাপুকুর রোড, বৈদ্যপুর মোড়, কালনা

রাশিবিজ্ঞান নিয়ে পড়ার ক্ষেত্রে আমাকে পথ দেখান শ্রীনিকেতনের রাশিবিজ্ঞানের অধ্যাপক রুদ্রপ্রসাদ সিনহা। ডিগ্রি কোর্স পাশ করার পর আমার ইচ্ছে ছিল এ বিষয়ে উচ্চশিক্ষা নিয়ে অধ্যাপনা করার। কিন্তু ইচ্ছার পথে বাধা হয়ে দাঁড়ায় পারিবারিক আর্থিক সমস্যা। বাবাকে সাহায্য করার জন্য চকরির কথা ভাবি। ২০২০ সালে মাধ্যমিকের নম্বরের ভিত্তিতে ভারতীয় ডাকবিভাগে ব্রাঞ্চ পোস্ট মাস্টার পদে চাকরি পাই। অধ্যাপক হওয়ার স্বপ্নপুরণ না হলেও খোঁজ করতাম রাশিবিজ্ঞান পড়ে অন্য কোনো চাকরির কথা, যেখানে ভালোলাগার বিষয় কাজে লাগানো যায়। খুঁজতে খুঁজতে ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশনের ইন্ডিয়ান স্ট্যাস্টিসটিক্যাল সার্ভিসের কথা জানতে পারি। যেকোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে স্ট্যাটিস্টিকিক্স/ম্যাথামেটিক্যাল স্ট্যাটিস্টিক্স বা অ্যাপ্লায়েড স্ট্যাটিস্টিটিক্স নিয়ে ডিগ্রি বা মাস্টার ডিগ্রি কোর্স পাশ ছেলেমেয়েরা এই পরীক্ষায় বসতে পারেন। বয়স হতে হয় ৩০ বছরের মধ্যে। ভারতীয় ডাক বিভাগে চাকরি করতে করতেই এই পরীক্ষা দিই। ৩ বারের চেষ্টার সাফল্য পেয়েছি। ২০২২ সালে প্রথমবার লিখিত পরীক্ষায় পাশ করলেও মাত্র ১৬ নম্বরের জন্য চূড়ান্ত তালিকায় নাম ওঠেনি। দ্বিতীয়বার মাত্র ২ নম্বরের জন্য লিখিত পরিক্ষায় পাশ করতে না পারায় ভেঙে পড়ি। তখন বাবা-মা আমাকে উৎসাহ জোগান। এছাড়াও বিশ্বভারতীর রাশিবিজ্ঞানের অধ্যাপক ডঃ তীর্থঙ্কর ঘোষ আমাকে মোটিভেট করেন। হাল না ছাড়ার পরামর্শ দেন। তৃতীয়বারের জন্য ফের নতুন উদ্যমে ঝাঁপিয়ে পড়ি। চাকরির জন্য দিনের বেলায় খুব বেশি পড়ার সুযোগ পেতাম না। রাতে রোজ ৫-৬ ঘন্টা পড়তাম।

ইন্ডিয়ান স্ট্যাটিস্টিক্যাল সার্ভিস এর জন্য ইউপিএসি ২ টি পর্বে পরীক্ষা নেয়। প্রথমে হয় লিখিত পরীক্ষা। ১০০০ নম্বরের লিখিত পরীক্ষায় থাকে এইসব বিষয়: ১০০ নম্বরের জেনারেল ইংলিশ ( ইংলিশ ল্যাঙ্গুয়েজ ভোকাবুলারি, এসে রাইটিং, সামারি, প্যারাগ্রাফ রাইটিং), ১০০ নম্বরের জেনারেল স্টাডিজ ( হিস্ট্রি, জিওগ্রাফি, পলিটিক্স ও ইকনমিক্স) আর ৮০০ নম্বরের রাশিবিজ্ঞানের ৪টি পেপার। এরমধ্যে প্রথম ২টো পেপারে অবজেক্টিভ প্রশ্ন থাকে আর শেষ ২টো পেপারে ডেসক্রিপটিভ প্রশ্ন থাকে, অর্থাৎ ১০০০ নম্বরে মোট ৬টি পেপার থাকে। জেনারেল ইংলিশ আর জেনারেল স্টাডিজ-এর পরীক্ষা হয় ৩ ঘন্টার। স্ট্যাটিস্টিক্স ১নং ও ২নং পেপারের জন্য সময় থাকে ২ ঘন্টা। আর স্ট্যাটিস্টিক্স ৩ ও ৪নং পোপরের জন্য সময় থাকে ৩ ঘন্টা। জেনারেল ইংলিশ বিষয়ের জন্য পড়েছিলাম এস পি বক্সি আর পি কে দে সরকারের গ্রামার। জেনারেল স্টাডিজ-এর হিস্ট্রির জন্য পড়েছিলাম স্পেকটাম আর পুনম দালালের লেখা বই। অন্যান বিষয়ের মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকের পাঠ্যবইয়ের পাশাপাশি নিয়মিত খবরের কাগজ পড়েছিলাম। স্ট্যাটিস্টিক্স-এর জন্য ডিগ্রি কোর্সের পাঠ্যবইয়ের সঙ্গে সঙ্গে মাস্টার ডিগ্রির সিলেবাস দেখেও পড়েছি। কারণ এ বিষয়ে অনেক প্রশ্ন হয় মাস্টার ডিগ্রির সিলেবাস থেকে।

লিখিত পরীক্ষায় সফল হওয়ার পর নেওয়া হয় ইন্টারভিউ। এ ক্ষেত্রে আমাকে পরামর্শ দেন এক আইএসএস অফিসার সুতপা ঘোষ। বাংলা মাধ্যমের ছেলে বলে ইংরিজিতে খুব একটা সড়গড় ছিলাম না। সুতপা ম্যাডাম আমাকে নিয়মিত ইংরিজি খবরের কাগজ পড়ে আয়নার সামনে উচ্চারণ প্র্যাক্টিস করতে বলতেন। আমি আয়নার সামনে ছাড়াও মোবাইলে রেকর্ডিং করে শুনতাম। ইন্টারভিউ হয় ৫ ডিসেম্বর দিল্লিতে ইউপিএসসির সদর দফতরে। বোর্ডে ছিলেন ৪ জন সদস্য। তার মধ্যে ৩ জন ছিলেন মহিলা আর ১জন ছিলেন পুরুষ। ভারতীয় ডাকবিভাগে চাকরি করি শুনে আমাকে শুরুতে ডাকবিভাগের কাজ নিয়ে প্রশ্ন করা হয়। জানতে চাওয়া হয় গ্রামীণ ডাকবিভাগের সমস্যা নিয়ে। এরপর রাশিবিজ্ঞান থেকে একাধিক প্রশ্ন করা হয়। জানতে চাওয়া হয় দেশের আর্থিক পরিকল্পনা নিয়ে। বিশ্বভারতী বিশ্ববিদ্যলয় থেকে রাশিবিজ্ঞান নিয়ে পড়েছি শুনে বিশ্বভারতীয় গৌরব নিয়েও প্রশ্ন করা হয়। ৩-৪টে বাদে সব প্রশ্নের উত্তর দেওয়ার চেষ্টা করি। চূড়ান্ত ফল বেরোয় গত সপ্তাহে ১২ ডিসেম্বর। আমার র‍্যাঙ্ক হয়েছে দ্বিতীয়। এরপর হবে ডাক্তারি পরীক্ষা। এই পরীক্ষায় সফল হলে অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর পদে চাকরি পাব।


সাক্ষাৎকার নিয়েছেন
পল্লব ঘোষ

NILACHAL INSTITUTE OF NURSING AND HEALTH SCIENCES
নীলাচল নার্সিং ইনস্টিটিউট (NINHS)
GNM & B.Sc. (N) - মহিলা
WBNC, WBUHS & INC দ্বারা স্বীকৃত
Scholarship Rs.2 lakh
M : 7363811008
বেথুয়াডহরী, নদীয়া


CENTRAL INSTITUTE OF MEDICAL SCIENCE & TECHNOLOGY (CIMST) Since 1995
U.G.C. স্বীকৃত & B.S.S. (Govt. of India) অনুমোদিত কোর্সে ভর্তি চলছে
D.M.L.T., Phlebotomy, D.P.T, E.C.G., রেডিওলজি, O.T., D.C.C.M (I.C.U), Dialysis, D.Optm, ডেন্টাল (D.D.H.), R.M.P., CMS & ED, আয়ু: (D.A.M.S), Dip. in Homeo, G.N.M. Nursing, D.Pharm.
126 B, রাজা রামমোহন সরণী, কোল-9, শিয়ালদহ, আমহার্স্ট স্ট্রীট মোড়
(M) : 93310-62421
www.cimst.ac.in | হোস্টেলের ব্যবস্থা আছে
যোগ্যতা- মাধ্যমিক & H.S.

গতবারের মতো এবারেও ১০০% কমন পেতে হলে কিনুন
রেলের NTPC
২০২৪ স্পেশাল
অনলাইন পরীক্ষার কৃতীদের তৈরি মডেল প্রশ্নোত্তর
PDF-এ পেতে ফোন করুন : 6291684943
সফল সফল
সাধারণ জ্ঞান
মাত্র ~~৪০০/-টাকা~~ ৩০০/-টাকা


ছায়া প্রকাশনী
Use COUPON CODE CPPKN10 to get
নতুন OFFER
EXTRA 10% OFF!
এই ছাড় শুধুমাত্র www.chhaya.co.in-এর জন্য
Complete SUCCESS Guide
CBT1 + CBT2 + CBAT




chhaya RRB COMPLETE CHALLENGER
NTPC, Technical, RPF, TC, JE, Group-D posts of Indian Railway
Book 1 + 2




▲ Study Mat.-এর সঙ্গে ভারতের সমস্ত চাকরির পরীক্ষার MCQ Bank



▲ WB ও কলকাতা পুলিশের সবরকম পরীক্ষার Study Guide



▲ Concept থেকে Latest Tech, সহজে মনে রাখতে আছে Mindmap



▲ MCQ ও Descriptive—উভয়ের জন্যই অদ্বিতীয়
Buy online @ www.chhaya.co.in

JOIN: VISION_ACADEMY_PDF

# পশ্চিমবঙ্গ সরকার

## অনগ্রসর শ্রেণী কল্যাণ ও আদিবাসী উন্নয়ন বিভাগ

## তপশিলী জাতি ও আদিবাসী সম্প্রদায়ভুক্ত যুবক-যুবতীদের

## যোগ্যশ্রী প্রকল্পে বিনামূল্যে সরকারী (গ্রুপ- বি/সি/ডি) চাকরির পরীক্ষার প্রস্তুতির প্রশিক্ষণ

আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ : ৩১/১২/২০২৪

আবেদনকারীর ন্যূনতম যোগ্যতা :

1. জাতিগত শংসাপত্র থাকা আবশ্যক। 2. পরিবারের বার্ষিক আয় : অনূর্ধ্ব ৩,০০,০০০/- । 3. বয়স : ১৮ থেকে ৩৫ বছর।

- ◆ গ্রুপ-বি পদের জন্য : গ্র্যাজুয়েট পাশ হতে হবে।
- ◆ গ্রুপ-সি পদের জন্য : মাধ্যমিক বা সমতুল পাশ হতে হবে।
- ◆ গ্রুপ-ডি পদের জন্য : অষ্টম শ্রেণী পাশ হতে হবে।

## জেলাভিত্তিক প্রশিক্ষণ কেন্দ্র

| Sl. No | District | Location | Address | Contact No |
|---|---|---|---|---|
| 1 | 24 Parganas (North) | Barasat | District Library | 9434900123 |
| 2 | 24 Parganas (South) | Baruipur | Rashmoni Balika Vidyalaya | 8972254268 |
| 3 | Bankura | Bankura Town | Bankura Zilla Saradamani Mahila Mahavidyapith | 8972254282 |
| 4 | Howrah | Howrah | Howrah Vivekananda Institution | 8972254255 |
| 5 | Jhargram | Jhargram | Jhargram Kumud Kamari Institution | 8972254247 |
| 6 | Paschim Bardhaman | Asansol | Asansol District Library | 9434900123 |
| 7 | Purba Bardhaman | Purba Bardhaman | UdayChand Library, Khosbagan | 9832165387 |
| 8 | Paschim Medinipore | Medinipore Town | Rajnarayan Basu Smriti Pathagar | 8972254277 |
| 9 | Purba Medinipore | Tamluk | Sahid Matangini Hazra Govt. Gen College | 8972254273 |
| 10 | Purulia | Purulia Town | Purulia Zilla School, Sarat sen compound | 6296142398 |
| 11 | Alipurduar | Alipurduar | Alipurduar Gobinda High School (H.S.) | 8945067710 |
| 12 | Birbhum | Suri | Benimadhab Institution | 8972254423 |
| 13 | Coochbehar | Coochbehar Town | North Bengal State Library | 7908566872 |
| 14 | Uttar Dinajpur | Raiganj | Uttar Dinajpur District Library | 8240123779 |
| 15 | Dakshin Dinajpur | Balurghat Town | IRDA Building Buniadpur | 9734814848 |
| 16 | Darjeeling | Darjeeling Town | Darjeeling Municipal High School | 8016310292 |
| 17 | Jalpaiguri | Jalpaiguri Town | Ananda Model High School (H.S.) | 9064413965 |
| 18 | Kalimpong | Kalimpong | Kalimpong District Library | 8597952500 |
| 19 | Malda | Malda Town | Malda Sahapur High School | 8972254516 |
| 20 | Nadia | Krishnagar | Krishnagar AV High School | 9434900123 |
| 21 | Murshidabad | Beherampur | District Library | 8972254309 |
| 22 | Kolkata | Kolkata | Cultural Research Institute Kakurgachi, Ambedkar Bhawan | 8972254510 |
| 23 | Hooghly | Chinsurah | Govt. Physical Education College of Women | 8972254519 |

আবেদনপত্র প্রশিক্ষণ কেন্দ্রে এবং www.anagrasarkalyan.gov.in - এ পাওয়া যাবে।

31/12/2024 তারিখের মধ্যে আবেদনপত্র নির্দিষ্ট প্রশিক্ষণ কেন্দ্রে জমা করতে হবে।

অথবা Online এ application করতে পারেন: - www.anagrasarkalyan.gov.in - এ

প্রশিক্ষণ রূপায়ণে ncsm

Head Office:
Beliaghata, Kolkata - 700105
www.ncsm.co.in

বিশদে জানতে যোগাযোগ করুন
9903740075
8972758235

JOIN: VISION_ACADEMY_PDF

# সাম্প্রতিক ঘটনাপ্রবাহ


গত সপ্তাহের পর

**৮ অক্টোবর** : লাদাখের হ্যানলেতে, সমুদ্রপৃষ্ঠ থেকে প্রায় ৪,৩০০ মিটার উচ্চতায় অবস্থিত এশিয়ার বৃহত্তম 'গামা রে' টেলিস্কোপের উদ্বোধন করা হয়েছে। এটি মহাবিশ্বের সবথেকে শক্তিশালী নানা ঘটনা, যেমন-সুপারনোভা, ব্ল্যাক হোল ও গামা রশ্মি বিস্ফোরণ সম্পর্কে জানতে সহায়তা করবে। 'ইলেক্ট্রনিক্স কর্পোরেশন অফ ইন্ডিয়া লিমিটেড' ও অন্যান্য ভারতীয় অংশীদারদের সহায়তায়, এই 'মেজর অ্যাটমোস্ফিয়ারিক চেরেনকভ এক্সপেরিমেন্ট' টেলিস্কোপটি তৈরি করেছে মুম্বইয়ের 'ভাবা অ্যাটমিক রিসার্চ সেন্টার'। টেলিস্কোপটি যেখানে বসানো হয়েছে, সেখানকার তাপমাত্রা প্রায়ই হিমাঙ্কের ৪০ ডিগ্রি নীচে নেমে যায়। মুম্বইয়ে, বার্কের সদরদফতর থেকে রিমোট কন্ট্রোলের সাহায্যে এই টেলিস্কোপটিতে পরিচালনা করবেন বিজ্ঞানীরা। এই টেলিস্কোপে রয়েছে ২১ মিটার ব্যাসের বিশাল ডিশ। ওজন ১৭৫ টন। এর প্রতিফলক ক্ষেত্রফল ৩৫৬ বর্গমিটার। এতে রয়েছে ৭১২টি অ্যাকুয়েটর, ১,০৮৮টি ফটো-মাল্টিপ্লায়ার টিউব ও ৬৮টি ক্যামেরা মডিউল। চেরেনকভ বিকিরণ থেকে বিচ্ছুরিত কণা বিশ্লেষণ করে সৌরজগতের রহস্য বের করবে এই টেলিস্কোপ।

❑ স্তন ক্যান্সারের প্রাথমিক শনাক্তকরণের জন্য, বিশেষত গ্রামীণ ও প্রত্যন্ত অঞ্চলের মহিলাদের সাহায্য করতে একটি নতুন ডিভাইস তৈরি করল 'আইআইটি ইন্দোর'। অধ্যাপক শ্রীভাতসান বাসুদেবন এই ডিভাইসটি তৈরি করেছেন, যা ক্যান্সার স্ক্রিনিংকে আরও সাশ্রয়ী ও কার্যকরী করার ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। 'ফটোঅ্যাকোস্টিক স্পেকট্রাল রেসপন্স' প্রযুক্তি ব্যবহার করে ডিভাইসটি তৈরি করা হয়েছে, যা টিস্যুর অস্বাভাবিক পরিবর্তন শনাক্ত করতে আলো ও শব্দকে ব্যবহার করে। এটি প্রাথমিক পর্যায়ে ক্যান্সার শনাক্ত করতে সাহায্য করে। ডিভাইসটি বাণিজ্যিকভাবে উৎপাদিত হলে, যাঁরা এমআরআই ও সিটি স্ক্যানের মতো প্রচলিত ডায়গনস্টিক সরঞ্জামগুলি খরচ করতে পারেন না, এমন রোগীরা খুব সহজেই উপকৃত হবেন।

❑ 'বিশ্ব স্বাস্থ্য সংস্থা'র ঘোষণা অনুযায়ী, এবছর জনস্বাস্থ্য সমস্যা হিসাবে ট্র্যাকোমা'কে নির্মূল করতে সফল হয়েছে ভারত। এর ফলে, দক্ষিণ পূর্ব এশিয়া অঞ্চলের তৃতীয় দেশ হয়েছে ভারত, যারা এই কৃতিত্ব অর্জন করতে সক্ষম হয়েছে। নয়াদিল্লিতে আঞ্চলিক কমিটির বৈঠকে আনুষ্ঠানিকভাবে ভারতের এই কৃতিত্বকে প্রত্যয়িত করেছে বিশ্ব স্বাস্থ্য সংস্থা। প্রসঙ্গত উল্লেখ্য, ট্র্যাকোমা হল একটি ব্যাকটিরিয়াজনিত (ক্ল্যামাইডিয়া ট্রাকোম্যাটিস) সংক্রামক রোগ, মানুষের চোখকে প্রভাবিত করে, যা সংক্রামিত ব্যক্তির চোখ, চোখের পাতা, নাক বা, গলা থেকে নিঃসৃত তরলের সংস্পর্শে এসে ছড়িয়ে পড়ে। ১৯৫০-'৬০ সালে এই রোগটি ভারতে অন্ধত্বের একটি প্রধান কারণ ছিল।

**৯ অক্টোবর** : প্রথম ভারতীয় পর্বতারোহী হিসাবে, চিনের 'শিশাপাংমা পর্বত' জয় করে নজির গড়লেন অর্জুন বাজপেয়ী। এটি তাঁর ৮,০০০ মিটারের বেশি পর্বত চূড়ায় অষ্টম সফল আরোহণ। ২০১০ সালে মাত্র ১৬ বছর বয়সে বিশ্বের ৮,০০০ মিটারের বেশি ১৪টি শৃঙ্গ জয় করার জন্য যাত্রা শুরু করেছিলেন তিনি। ১৪টি চূড়ার সবক'টিতে তাঁর আরোহণ শেষ হলে, তিনি হবেন এই কৃতিত্ব অর্জনকারী এলিট তালিকায় যোগ দেওয়া প্রথম ভারতীয় পর্বতারোহী।



ভারতীয় ব্যবসায়িক ব্যক্তিত্ব তথা 'টাটা সন্স'এর চেয়ারম্যান এমেরিটাস রতন টাটা (৮৬ বছর) মারা গেলেন।

❑ চলতি মরশুমের শেষেই টেনিস থেকে বিদায় জানানোর কথা ঘোষণা করলেন টেনিস সুপারস্টার রাফায়েল নাদাল।

**১২ অক্টোবর** : সেন্ট ভিনসেন্ট ও গ্রেনাডাইনে, ভারতের হাই কমিশনার হিসাবে নিযুক্ত হলেন সুভাষ প্রসাদ গুপ্ত।

❑ গভর্নমেন্ট ই-মার্কেটপ্লেসের চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে নিযুক্ত হলেন এল.সত্য।

❑ এবছর 'বিশ্ব ক্ষুধা সূচক'এ ১০৫ তম স্থান পেল ভারত। বিশ্বের ১২৭টি দেশকে নিয়ে এবছরের ১৯ তম 'বিশ্ব ক্ষুধা সূচক'এর রিপোর্ট প্রকাশ করা হয়েছে। তালিকায় পাক-ই-স্তান ও আফগান-ই-স্তানের থেকে এগিয়ে থাকলেও, পড়শি দেশ শ্রীলঙ্কা, নেপাল, মায়ানমার ও বাংলাদেশের থেকে পিছিয়ে রয়েছে ভারত। এবছরের ক্ষুধা সূচকে ভারতের স্কোর ২৭.৩। অর্থাৎ, ভারতের পরিস্থিতি 'গুরুতর' বলে গণ্য করা হয়েছে। পৃথিবীর কত মানুষ এখনও পর্যাপ্ত খাবার পায় না, কত মানুষ অনাহারে থাকেন, খাদ্যের অধিকার থেকে কত মানুষ বঞ্চিত হচ্ছেন, শরীরে পুষ্টি যাচ্ছে কিনা, তা নিয়েই বিশ্ব ক্ষুধা সূচকের রিপোর্ট তৈরি হয় প্রতিবছর।



গুজরাতের জামনগরের পরবর্তী মহারাজা হিসাবে মনোনীত হলেন প্রাক্তন ক্রিকেটার অজয় জাদেজা। তাঁকে রাজ সিংহাসনের জন্য বেছে নিয়েছেন এখনকার জাম সাহেব ও আরেক প্রাক্তন ক্রিকেটার শত্রুশল্যসিংজি দিগ্বিজয়সিংজি জাদেজা। শত্রুশল্যসিংজি দিগ্বিজয়সিংজি জাদেজার কোনো সন্তান নেই। অন্যদিকে, অজয় জাদেজার বাবা দৌলতসিং জাদেজা সম্পর্কে শত্রুশল্যসিংজির ভাই। তাই ভাইয়ের ছেলেকেই রাজ সিংহাসনের উত্তরাধিকারী হিসাবে বেছে নিয়েছেন শত্রুশল্যসিংজি।

**১৩ অক্টোবর** : বিহার ও আন্ধ্রা প্রদেশের পর, দেশের তৃতীয় রাজ্য হিসাবে জাত-ভিত্তিক সমীক্ষা শুরু করল তেলেঙ্গানা। এই সমীক্ষাটি হল তেলেঙ্গানার ক্ষমতাসীন কংগ্রেস দলের একটি প্রধান নির্বাচনী প্রতিশ্রুতি। এই উদ্যোগের লক্ষ্য হল, রাজ্যের ওবিসি, এসসি, এসটি-সহ অন্যান্য প্রান্তিক গোষ্ঠীগুলির মানুষদের জন্য সামাজিক, অর্থনৈতিক, শিক্ষাগত, কর্মসংস্থান ও রাজনৈতিক সুযোগ-সুবিধা বাড়ানো, যাঁরা তাঁদের অধিকারের জন্য দীর্ঘদিন ধরে সংগ্রাম করে চলেছেন।

❑ বিখ্যাত গায়ক ও অভিনেতা কিশোর কুমারের ৩৭ তম মৃত্যুবার্ষিকী উপলক্ষ্যে, মধ্য প্রদেশের খান্ডোয়াতে 'জাতীয় কিশোর কুমার পুরস্কার' পেলেন জনপ্রিয় চলচ্চিত্র প্রযোজক, পরিচালক ও চিত্রনাট্যকার রাজকুমার হিরানি। রাজ্যের ক্যাবিনেট মন্ত্রী কুনওয়ার বিজয় শাহ এদিন এই পুরস্কার দেন। ১৯৯৭ সাল থেকে প্রতি বছর বিশিষ্ট শিল্পীদের এই পুরস্কার দেয় মধ্য প্রদেশের সংস্কৃতি বিভাগ। প্রসঙ্গত উল্লেখ্য, মধ্য প্রদেশের খান্ডোয়া জেলা হল কিশোর কুমারের জন্মস্থান।

❑ ২০২৫ সালে 'আইএসএসএফ জুনিয়র বিশ্বকাপ' আয়োজন করবে ভারত।

**১৪ অক্টোবর** : ভারতীয় নৌবাহিনীতে মেডিক্যাল সার্ভিসেসের ডিরেক্টর জেনারেল হিসাবে দায়িত্ব নিলেন সার্জন ভাইস অ্যাডমিরাল কবিতা সহায়।

❑ নয়াদিল্লিতে, ২০২৩ সালের 'জাতীয় জল পুরস্কার'এর বিজয়ীদের তালিকা প্রকাশ করলেন কেন্দ্রীয় জলশক্তি মন্ত্রী সি.আর.পাটিল। এই পুরস্কারে 'সেরা রাজ্য' বিভাগে প্রথম স্থান অর্জন করেছে ওড়িশা। দ্বিতীয় স্থানে রয়েছে উত্তর প্রদেশ আর যৌথভাবে তৃতীয় স্থানে রয়েছে গুজরাত ও পুদুচেরি। প্রত্যেক পুরস্কার বিজয়ীকে একটি শংসাপত্র ও একটি ট্রফি ছাড়াও, কিছু বিভাগে নগদ পুরস্কার দেওয়া হয়েছে।


## বিশেষ বিজ্ঞপ্তি

**কর্মসংস্থান** পত্রিকায় প্রকাশিত যে কোনো বিতর্কিত আলোচনা বা, নিবন্ধের যাবতীয় দায়িত্ব লেখকের। কর্মসংস্থান কর্তৃপক্ষ কোনোভাবেই এজন্য দায়ী থাকবে না। ওই মতামত কারো পছন্দসই না হলে, প্রতিবাদ জানাতে পারেন। সেক্ষেত্রে তাও যথাযোগ্য মর্যাদায় ছাপা হবে। কারণ, এটি গণমাধ্যম।


❑ সৌরজগতের পঞ্চম তথা বৃহত্তম গ্রহ বৃহস্পতির অন্যতম উপগ্রহ ইউরোপায় নিজেদের নতুন মহাকাশযান পাঠালো মার্কিন মহাকাশ গবেষণা সংস্থা 'নাসা'। এই অভিযানের পোশাকি নাম দেওয়া হয়েছে 'ইউরোপা ক্লাইপার'। এদিন, ফ্লোরিডার কেনেডি স্পেস সেন্টার থেকে শুরু হয়েছে এই অভিযান। নাসার সঙ্গে এই অভিযানে যৌথভাবে অংশ নিয়েছে 'স্পেসএক্স'ও। 'স্পেসএক্স'এর ফ্যালকন হেভি রকেট থেকে এটিকে উৎক্ষেপণ করা হয়েছে। এই যাত্রায় 'ইউরোপা ক্লাইপার'কে মহাকাশে মোট ২৯০ কোটি কিলোমিটার পথ পাড়ি দিতে হবে। সাড়ে ৫ বছরের বিপজ্জনক যাত্রা অতিক্রম করে ২০৩০ সালে ইউরোপায় গবেষণা শুরু করবে এটি। মহাকাশযানটি ১০০ ফুট লম্বা। যখন এর সোলার প্যানেল ও অ্যান্টেনা খোলা হয়, তখন এর মোট প্রস্থ ৫৮ ফুট। তারপর এটি একটি বাস্কেটবল কোর্টের আকার ধারণ করে। এটির ওজন প্রায় ৬,০০০ কেজি। ইউরোপায় কি সত্যিই প্রাণের স্পন্দন রয়েছে, তাই খতিয়ে দেখতে পাঠানো হয়েছে 'ইউরোপা ক্লাইপার'কে।

❑ ভারতীয় যুবকদের জন্য ওয়ার্কিং হলিডে মেকার ভিসা চালু করার কথা ঘোষণা করল অস্ট্রেলিয়া সরকার। ভারত সফরের সময় এক সংবাদ সম্মেলনে এই নতুন ভিসার কথা ঘোষণা করেন অস্ট্রেলিয়ার সহকারী অভিবাসন মন্ত্রী ম্যাট থিসলেথওয়েট। এই ভিসা ১৮ থেকে ৩০ বছর বয়সি ১,০০০ ভারতীয় যুবককে অস্ট্রেলিয়ায় কাজ ও পড়াশোনা করার সুযোগ দেবে। ১২ মাস অস্ট্রেলিয়ায় থাকার সময় সাংস্কৃতিক অধ্যয়নের অনুমোদন দেবে এই ভিসা। এখন ভারতীয় যুবকরা অস্ট্রেলিয়ায় স্টুডেন্ট ভিসায় পড়াশোনা করছেন ও স্কিলড ভিসার অধীনে কাজ করছেন। ১ অক্টোবর ভিসা ব্যালট প্রক্রিয়া শুরু হয়েছে, যাতে এ পর্যন্ত ৪০,০০০ যুবক আবেদন করেছেন। এই ওয়ার্কিং হলিডে মেকার ভিসার বার্ষিক সীমা হল ১,০০০ শিক্ষার্থী, যাঁদের ব্যালট প্রক্রিয়ার মাধ্যমে নির্বাচন করা হবে।

❑ 'মহারাষ্ট্র রাজ্য দক্ষতা বিশ্ববিদ্যালয়'এর নাম বদল করে, প্রয়াত শিল্পপতি তথা 'টাটা সন্স'এর চেয়ারম্যান এমেরিটাস রতন টাটা'র নামে 'রতন টাটা মহারাষ্ট্র রাজ্য দক্ষতা বিশ্ববিদ্যালয়' রাখল মহারাষ্ট্র সরকার। 'পদ্মবিভূষণ' সম্মান প্রাপ্ত রতন টাটা'র সম্মানে এই নাম বদল করা হয়েছে। রাজ্যের মুখ্যমন্ত্রী একনাথ শিন্ডে মন্ত্রিসভার বৈঠকে এই নাম বদলের সিদ্ধান্ত ঘোষণা করেন। প্রসঙ্গত উল্লেখ্য, এই 'মহারাষ্ট্র রাজ্য দক্ষতা বিশ্ববিদ্যালয়'এ শিক্ষার্থীদের কর্মসংস্থানের জন্য দক্ষতা উন্নয়ন কোর্স করানো হয়। এটি মহারাষ্ট্রের প্রথম রাজ্য দক্ষতা বিশ্ববিদ্যালয়।

❑ 'ইন্টারন্যাশনাল অ্যাস্ট্রোনটিক্যাল ফেডারেশন' ওয়ার্ল্ড স্পেস পুরস্কার পেলেন 'ইসরো'র চেয়ারম্যান ড.এস.সোমনাথ। 'চন্দ্রযান-৩'এর অসাধারণ সাফল্যের স্বীকৃতি হিসাবে এই পুরস্কার পেলেন তিনি। মহাকাশ অনুসন্ধানের ক্ষেত্রে সবথেকে বড় সম্মানগুলির মধ্যে এটি একটি। ইতালির মিলানে, মহাকাশ অনুসন্ধানে ভারতের কৃতিত্বের স্বীকৃতি হিসাবে এই পুরস্কার প্রদান করা হয়। প্রসঙ্গত উল্লেখ্য, ২০২৩ সালের ২৩ আগস্ট চাঁদের দক্ষিণ মেরুর কাছে একটি ঐতিহাসিক অবতরণ করেছিল 'চন্দ্রযান-৩'।

**১৫ অক্টোবর** : ভারতে, মলদ্বীপের রাষ্ট্রদূত হিসাবে নিযুক্ত হলেন আইশাথ আজিমা।

❑ আলজেরিয়ার রাজধানী আলজিয়ার্সের 'সিদি আবদেল্লা পোল ইউনিভার্সিটি অফ সায়েন্স অ্যান্ড টেকনোলজি'র তরফ থেকে, রাষ্ট্রবিজ্ঞানে সম্মানসূচক ডক্টরেট ডিগ্রি পেলেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু। আলজেরিয়ার উচ্চশিক্ষা ও বৈজ্ঞানিক গবেষণা মন্ত্রী কামাল বাদ্দারি তাঁকে এই সম্মান দেন। ১৩ থেকে ১৯ অক্টোবর, আফ্রিকান দেশ আলজেরিয়া, মৌরিতানিয়া ও মালাউইতে রাষ্ট্রপতির ৩ দিনের সফর চলার সময় এই সম্মান পেলেন তিনি। তিনিই হলেন প্রথম ভারতীয় রাষ্ট্রপতি, যিনি এই ৩টি আফ্রিকান দেশ সফর করলেন।

❑ লাদাখে কার্গিল যুদ্ধের বীরদের প্রতি শ্রদ্ধা জানিয়ে, 'কাকসার সেতু'র নাম বদল করে 'ক্যাপ্টেন অমিত ভরদ্বাজ সেতু' রাখল ভারতীয় সেনাবাহিনী। কার্গিল বিজয় দিবস'এর ২৫ তম বার্ষিকী উপলক্ষ্যে আয়োজিত বিভিন্ন অনুষ্ঠানের অংশ হিসাবে এই উদ্যোগ নেওয়া হয়েছে। প্রসঙ্গত উল্লেখ্য, ১৯৯৯ সালের কার্গিল যুদ্ধে মাতৃভূমিকে রক্ষা করতে গিয়ে শহীদ হন ক্যাপ্টেন ভরদ্বাজ।

❑ ভারতের দ্বিতীয় বৃহত্তম প্রজাপতি বৈচিত্র্য কেন্দ্রের তকমা পেল অসমের 'কাজিরাঙ্গা জাতীয় উদ্যান', যেখানে ৪৪৬টিরও বেশি প্রজাতির প্রজাপতি রেকর্ড করা হয়েছে। নতুন প্রজাতির মধ্যে ১৮টি ভারতের জন্য নতুন রেকর্ড। ২০০৭ সাল থেকে ওই জাতীয় উদ্যানে প্রজাপতি নিয়ে গবেষণা করছেন ড.মনসুন জ্যোতি গগৈ। এই কৃতিত্বটি তাঁরই বছরের পর বছর ধরে কাজ করার চূড়ান্ত পরিণতি। প্রসঙ্গত উল্লেখ্য, অরুণাচল প্রদেশের 'নামদাফা জাতীয় উদ্যান' হল দেশের প্রথম প্রজাপতি বৈচিত্র্য কেন্দ্র।



'ভারতীয় উপকূলরক্ষী বাহিনী'র ২৬ তম ডিরেক্টর জেনারেল হিসাবে দায়িত্ব নিলেন পরমেশ শিবমণি।

❑ প্রথম আইপিএস অফিসার হিসাবে, এবছর 'কমনওয়েলথ ইন্টারন্যাশনাল ক্লাসিক বেঞ্চ প্রেস চ্যাম্পিয়নশিপ'এ সোনার পদক পেয়ে ইতিহাস গড়লেন পুদুচেরির সিনিয়র সুপারিন্টেন্ডেন্ট অফ পুলিশ অনিতা রায়। অক্টোবরে, দক্ষিণ আফ্রিকার সান সিটিতে এই চ্যাম্পিয়নশিপ অনুষ্ঠিত হয়েছিল। এর লক্ষ্য হল, কমনওয়েলথ ইন্টারন্যাশনাল স্তরে উচ্চ-মানের, মাদকমুক্ত পাওয়ারলিফটিং প্রতিযোগিতাগুলিকে উৎসাহিত করা ও প্রচার করা।

**১৬ অক্টোবর** : জম্মু ও কাশ্মীর কেন্দ্রশাসিত অঞ্চলের প্রথম মুখ্যমন্ত্রী হিসাবে শপথ নিলেন ওমর আবদুল্লাহ।

❑ এবছর ফেমিনা 'মিস ইন্ডিয়া'র শিরোপা পেলেন মধ্য প্রদেশের নিকিতা পোরওয়াল। এছাড়াও, প্রথম ও দ্বিতীয় রানার আপের শিরোপা পেয়েছেন যথাক্রমে কেন্দ্রশাসিত অঞ্চলের প্রতিনিধিত্ব করা রেখা পাণ্ডে ও গুজরাতের আয়ুশি ঢোলাকিয়া। নিকিতা পেশায় একজন অভিনেত্রী ও টিভি উপস্থাপক। এরপর 'মিস ওয়ার্ল্ড' প্রতিযোগিতায় ভারতের প্রতিনিধিত্ব করবেন তিনি।

❑ সুপ্রিম কোর্টে ন্যায়ের প্রতীক হিসাবে দীর্ঘদিন ধরে প্রচলিত মূর্তি বদলে ফেলা হল। প্রাক্তন প্রধান বিচারপতি ডি.ওয়াই.চন্দ্রচূড়ের নির্দেশে সুপ্রিম কোর্টে বসানো হয়েছে নতুন ন্যায়ের মূর্তি। মূর্তিটির পোশাকি নাম হল 'লেডি অফ জাস্টিস'। এই নতুন মূর্তির বিশেষত্ব হল, এর চোখে পট্টি নেই। মূর্তির এক হাতে রয়েছে ভারতের সংবিধান ও অন্য হাতে ন্যায়বিচারের প্রতীক হিসাবে রয়েছে দাঁড়িপাল্লা। আগের মূর্তিটির চোখের পট্টি বার্তা দিত যে, আইনের চোখে সবাই সমান। তবে, নতুন মূর্তির মাধ্যমে বিচারপতি চন্দ্রচূড় বার্তা দিতে চেয়েছেন যে, আইন অন্ধ নয়। আদালত সবাইকেই সমানভাবে দেখে বিচার করে। সাদা রঙের এই নতুন নারী মূর্তিটি সুপ্রিম কোর্টের বিচারপতিদের লাইব্রেরিতে স্থাপন করা হয়েছে। নতুন মূর্তিটির পরনে রয়েছে কুচি-আঁচলের নকশা পাড়ের শাড়ি। এছাড়াও রয়েছে গলায় হার, কানে দুল, হাতে বালা। সঙ্গে কোমরবন্ধ ও মাথায় ভারতীয় দেব-দেবীর মতো মুকুট।

☞ এরপর আগামী সপ্তাহে

**সঙ্কলক : পল্লবী দেওয়ান**

JOIN: VISION_ACADEMY_PDF

## সি.ডি.এস পরীক্ষার মাধ্যমে ৪৫৭

১ পাতার পর

ন্যাভাল অ্যাকাডেমি ও এয়ারফোর্স অ্যাকাডেমিতে। কারা কোন বিভাগের জন্য যোগ্য :

**ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমি :** যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেরা লম্বায় অন্তত ১৫৭.৫ সেমি হলে আবেদন করতে পারেন। জন্ম-তারিখ হতে হবে ২-১-২০০২ থেকে ১-১-২০০৭'এর মধ্যে। মোট ১৮ মাসের ট্রেনিং হবে 'জেন্টলম্যান ক্যাডেট'এ। ট্রেনিংয়ের সময় প্রার্থীকে দিতে হবে মোট ৩,৭৫০ টাকা। কোনো প্রার্থী দিতে অক্ষম হলে, তখন সরকারই ওই খরচ বহন করবে। ট্রেনিংয়ে সফল হলে লেফটেন্যান্ট পদে চাকরি। এরপর ধাপে-ধাপে 'কম্যান্ডার' পদ পর্যন্ত পদোন্নতি হবে। ১৬০তম কোর্সে ট্রেনিং শুরু ২০২৬ সালের জানুয়ারিতে। শূন্যপদ : ১০০টি। এর মধ্যে ১৩টি শূন্যপদ এন.সি.সি.'র 'সি' সার্টিফিকেট পাশদের জন্য সংরক্ষিত।

**অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমি (মেন ও এস.এস.সি. উইমেন নন-টেকনিক্যাল) :** যে কোনো শাখার ডিগ্রি কোর্স পাশ ছেলেরা 'অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমি (ফর মেন)'এ আবেদন করতে পারেন। যে কোনো শাখার ডিগ্রি কোর্স পাশ অবিবাহিতা তরুণীরা 'অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমি (এস.এস.সি. উইমেন নন-টেকনিক্যাল)'এ আবেদন করতে পারেন। জন্ম-তারিখ হতে হবে ২-১-২০০১ থেকে ১-১-২০০৭'এর মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৫৭.৫ সেমি। ট্রেনিং হবে মাদ্রাজের অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমিতে। মোট ৪৯ সপ্তাহের ট্রেনিং হবে 'জেন্টেলম্যান ক্যাডেট'এ। প্রার্থীকে এজন্য দিতে হবে মোট ৪,৬০০ টাকা। এর মধ্যে ২,৪৫০ টাকা পরে ফেরৎ পাবেন। প্রার্থীর অভিভাবকের মাসিক আয় ১,৫০০ টাকার কম হলে সরকার পুরো বা, আংশিক খরচ দেবে। সফল হলে লেফটেন্যান্ট পদে ৬ মাস প্রবেশনে থাকতে হবে। ৫ বছরের জন্য শর্ট সার্ভিস কমিশনে চাকরি করতে হবে। এরপর পার্মানেন্ট কমিশনে চাকরির সুযোগ পেলে ধাপে-ধাপে পদোন্নতি হবে। মূল মাইনে ওপরের মতোই। শূন্যপদ : অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমিতে (মেন) ২৭৫টি। ১২৩তম কোর্সে ট্রেনিং শুরু ২০২৬ সালের এপ্রিলে। এস.এস.সি. উইমেন কোর্সে শূন্যপদ : ১৮টি। ৩৭তম এস.এস.সি. উইমেন কোর্সে ট্রেনিং শুরু ২০২৬ সালের এপ্রিলে।

**ন্যাভাল অ্যাকাডেমি :** ইঞ্জিনিয়ারিংয়ের গ্র্যাজুয়েটরা আবেদন করার যোগ্য। বয়স হতে হবে ২-১-২০০২ থেকে ১-১-২০০৭'এর মধ্যে। শুরুতে ৫ মাসের ট্রেনিং হবে গোয়ার ন্যাভাল অ্যাকাডেমিতে, এক্সিকিউটিভ শাখার ক্যাডেট হিসাবে। ট্রেনিং নেওয়ার জন্য প্রার্থীকে দিতে হবে মোট ৩,৫০০ টাকা। প্রার্থীর অভিভাবকের মাসিক আয় ১,৫০০ টাকার কম হলে সরকার থেকে পুরো বা, আংশিক খরচ দেওয়া হবে। এরপর 'ক্যাডেট' হিসাবে আবার আড়াই বছরের ট্রেনিং। সফল হলে নৌবাহিনীর জাহাজে ৬ মাস চাকরি। সফল হলে সাব-লেফটেন্যান্ট পদে চাকরি। মাইনে ওপরের মতোই। ট্রেনিং শুরু ২০২৬ সালের জানুয়ারিতে। শূন্যপদ : ৩২টি।

**এয়ারফোর্স অ্যাকাডেমি :** উচ্চমাধ্যমিকে ফিজিক্স ও অঙ্ক অন্যতম বিষয় হিসাবে নিয়ে পাশের পর যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেরা ২-১-২০০২ থেকে ১-১-২০০৬'এর মধ্যে জন্ম-তারিখ থাকলে 'এয়ারফোর্স অ্যাকাডেমি'তে ট্রেনিং নেওয়ার জন্য আবেদন করতে পারেন। ইঞ্জিনিয়ারিংয়ের গ্র্যাজুয়েটরাও আবেদনের যোগ্য। কমার্শিয়াল পাইলট লাইসেন্স থাকলে জন্মতারিখ হতে হবে ২-১-২০০০ থেকে ১-১-২০০৬'এর মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬২.৫ সেমি, পায়ের মাপ লম্বায় অন্তত ৯৯-১২০ সেমি, থাই লম্বায় ৬৪-৮১.৫ সেমি ও বসার উচ্চতা ৮১.৫ সেমি থেকে ৯৬ সেমি। শুরুতে ফ্লাইং ব্রাঞ্চের পাইলট হিসাবে ৭৪ সপ্তাহের ট্রেনিং হবে এয়ারফোর্স অ্যাকাডেমিতে। প্রার্থীকে এজন্য দিতে হবে মোট ২,৩৪০ টাকা। এর মধ্যে ৮৪০ টাকা পরে ফেরৎ পাবেন। প্রার্থীর অভিভাবকের মাসিক আয় ৭৫০ টাকার কম হলে এই খরচ সরকার থেকে দেওয়া হবে। ক্যাডেট হিসাবে ট্রেনিংয়ের সময় স্টাইপেন্ড পাবেন মাসে ২১,০০০ টাকা। এছাড়া ফ্লাইং-ভাতা পাবেন। ট্রেনিং শুরু ২০২৬ সালের জানুয়ারিতে। শূন্যপদ : ৩২টি।

এই ৫ বিভাগের ট্রেনিং নিতে হলে দৃষ্টিশক্তি হতে হবে দূরের বেলায় ৬/৬ ও কাছের বেলায় প্রতি চোখে 'N-S'. ওপরের সব পদের বেলায় এবছরের ডিগ্রি কোর্সের ফাইনাল পরীক্ষার্থীরাও আবেদন করার যোগ্য। ট্রেনিংয়ের সময় মাসে স্টাইপেন্ড পাবেন। সফল হলে মূল মাইনে ৫৬,১০০-১,৭৭,৫০০ টাকা।

প্রার্থী বাছাই হবে ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশনের 'কম্বাইন্ড ডিফেন্স সার্ভিসেস এক্সামিনেশন (।)-২০২৫' পরীক্ষার মাধ্যমে। প্রথমে হবে লিখিত পরীক্ষা ১৩ এপ্রিল। পূর্ব-ভারতে এইসব কেন্দ্রে : কলকাতা, কটক, দিসপুর (গুয়াহাটি), পটনা, শিলঙ, রাঁচী, সম্বলপুর, পোর্ট ব্লেয়ার, গ্যাংটক ও আগরতলা।

ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমি, ন্যাভাল অ্যাকাডেমি ও এয়ারফোর্স অ্যাকাডেমির লিখিত পরীক্ষায় থাকবে এই তিনটি পেপার : (১) ইংরিজি, (২) জেনারেল নলেজ, (৩) এলিমেন্টারি ম্যাথমেটিক্স। প্রতিটি পেপারে থাকবে ১০০ নম্বর ও সময় ২ ঘন্টা করে।

অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমিতে ট্রেনিং নিতে হলে লিখিত পরীক্ষায় থাকবে এই দু'টি পেপার : (১) ইংরিজি, (২) জেনারেল নলেজ। প্রতিটি পেপারে ১০০ নম্বর ও সময় ২ ঘন্টা করে। নেগেটিভ মার্কিং আছে। ৩টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা যাবে। সফল হলে ৩০০ নম্বরের ইন্টারভিউ (অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমির বেলায় ২০০ নম্বর)। সব পেপারেই প্রশ্ন হবে অবজেক্টিভ টাইপের। ইংরিজিতে থাকবে ইংরিজি গ্রামারের প্রশ্ন। এলিমেন্টারি ম্যাথমেটিক্সে পাটিগণিত, বীজগণিত, জ্যামিতি, পরিমিতি ও রাশিবিজ্ঞানের উচ্চমাধ্যমিক মানের প্রশ্ন হবে। নেগেটিভ মার্কিং আছে। প্রতি প্রশ্নের ভুল উত্তরের জন্য ০.৩৩ নম্বর কাটা হবে। ই-অ্যাডমিট কার্ড ওয়েবসাইট থেকে ডাউনলোড করে নেবেন। এই পদের বিজ্ঞপ্তি নং : 04/2025-CDS-1, Dated: 11/12/2024.

দরখাস্ত করবেন অনলাইনে, ৭ জানুয়ারির মধ্যে। এই ওয়েবসাইটে : https://www.upsconline.nic.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও ফটো ও সিগনেচার জে.পি.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নেবেন। অনলাইনে দরখাস্ত করলে পরীক্ষা ফী বাবদ ২০০ টাকা স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার কোনো শাখায় নগদে দিতে পারেন কিংবা এস.বি.আই. নেট ব্যাঙ্কিং, ডেবিট কার্ড, ক্রেডিট কার্ডে জমা দিতে পারবেন। একাধিক দরখাস্ত করবেন না। মহিলা ও তপশিলী সম্প্রদায়ের প্রার্থীদের ফী লাগবে না। অনলাইনে দরখাস্ত করার পর রেজিস্ট্রেশন আই.ডি-সহ সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নিজের কাছে রেখে দেবেন।

## রেলে ১,০৩৬ শিক্ষক, অ্যাসিস্ট্যান্ট, ইন্সপেক্টর

১ পাতার পর

অ্যাসিস্ট্যান্ট, ল্যাব অ্যাসিস্ট্যান্ট গ্রেড-।।। (কেমিস্ট অ্যান্ড মেটালার্জিস্ট) পদে ১,০৩৬ জন ছেলেমেয়ে নিচ্ছে। কোন পদের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা দরকার তা মূল বিজ্ঞপ্তিতে পাবেন। বয়স হতে হবে ১৮ থেকে ৪৮ বছরের মধ্যে (পদ অনুযায়ী বয়স হবে)। এই পদের বিজ্ঞপ্তি নং 07/2024.

প্রার্থী বাছাই করবে কলকাতা-সহ সারা ভারতের বিভিন্ন রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ড। এজন্য প্রথমে কম্পিউটার বেসড টেস্ট হবে। দরখাস্ত করবেন অনলাইনে, ৭ জানুয়ারি থেকে ৬ ফেব্রুয়ারি পর্যন্ত। কোন পদের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা, বয়স, প্রার্থী বাছাই পদ্ধতি ইত্যাদি পাবেন সংশ্লিষ্ট রেলের ওয়েবসাইটে। রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের চেয়ারম্যান এক বিজ্ঞপ্তিতে একথা জানান।

## 'জব মেলা' ৫ জানুয়ারি

১ পাতার পর

সরাসরি কর্মী নিয়োগ করতে চাইছেন তাঁদের মেলবন্ধনের জন্য 'পশ্চিমবঙ্গ সংখ্যালঘু উন্নয়ন ও বিত্ত নিগম (WBMDFC) একটি প্ল্যাটফর্ম তৈরি করে দিয়েছে। এটিই হল 'জব মেলা (মিলন উৎসব-২০২৫)'। এই জব ফেয়ার কোনো নিশ্চিত চাকরির প্রতিশ্রুতি দিচ্ছে না। সরাসরি যোগাযোগের মাধ্যম তৈরি করে দিচ্ছে।

যে কোনো পেশার ছেলেমেয়েরা কিংবা ফ্রেশার ছেলেমেয়েরা এই মেলায় অংশগ্রহণ করে সরাসরি চাকরির সুযোগ পেতে পারেন। প্রায় ৩০টির বেশি নামি কোম্পানি এই মেলায় অংশগ্রহণ করবে। আগ্রহী ছেলেমেয়েরা ওই জব ফেয়ারে অংশগ্রহণ করতে চাইলে অনলাইনে নাম রেজিস্ট্রেশন করতে হবে, ২০ ডিসেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : www.wbmdfc.org আরো বিস্তারিত জানতে যোগাযোগ করুন এই ঠিকানায় : West Bengal Minorities' Development and Finance Corporation, Amber, DD-27/E, Sector-1, Salt Lake City, Kolkata-64.

# আইন পেশায় কিভাবে দুঁদে হওয়া যায়




ড. কমল চট্টোপাধ্যায়



ড. পারমিতা ধর চক্রবর্তী

বর্তমান সমাজে ডাক্তারির পর যদি কোনো পেশাকে সবচেয়ে সম্মান দেওয়া হয়, তা হল ল' (আইন)। সম্প্রতি বিখ্যাত রেটিং সংস্থা Ernst & Young-এর একটি সমীক্ষা থেকে জানা গেছে যে, একমাত্র এই পেশায় আসলে সবচেয়ে কম সময় ছেলেমেয়েরা উজ্জ্বল ভবিষ্যৎ গড়তে পারেন। আইন নিয়ে পড়লেই খালি হবে না। আইনের কোন শাখায় কিভাবে পড়লে ল'ইয়ার বা, অ্যাডভোকেট বা, জজ হিসাবে অ্যাকসেপটেন্স বাড়বে তা জানাটাই এই পেশায় উন্নতির সিক্রেট। মূলত সিভিল ল', ফৌজদারি আইন, কোম্পানি ল', কর সংক্রান্ত আইন— এইসব ক্যাটাগরিতেই সবচেয়ে বেশি উন্নতির সুযোগ রয়েছে। আমাদের বর্তমান সমাজে আইন গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। একজন ভালো আইনজীবীর ভূমিকা সমাজে অপরিহার্য, সাধারণ মানুষের জীবনে প্রায় প্রত্যেক গুরুত্বপূর্ণ পদক্ষেপে যেমন, জমি সংক্রান্ত সমস্যা, ম্যারেজ রেজিস্ট্রি, অ্যাফিডেভিট, ক্রিমিনাল মামলা ইত্যাদি। আইন পেশায় কী কী চাকরির সুযোগ আছে, সরকারি বা, বেসরকারি কোন কোন সংস্থায় আইন পাশ ছেলেমেয়েদের নেওয়া হয়, কোথায় আইনের ৫ বছরের কিংবা ৩ বছরের কোর্স পড়ানো হয় ইত্যাদি বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা করছেন **JRSET College of Law-এর** ডিরেক্টর, রিটায়ার্ড প্রফেসর ড. কমল চট্টোপাধ্যায় ও প্রিন্সিপ্যাল ড. পারমিতা ধর চক্রবর্তী।

সময়ের সঙ্গে সঙ্গে জটিল হচ্ছে জীবন। মাথাচাড়া দিচ্ছে অপরাধপ্রবণতা। রমরমিয়ে চলছে সাইবার অপরাধ-সহ সব ধরনের ক্রাইম। এসবের বিরুদ্ধে লড়তে গেলে প্রয়োজন আইনি লড়াইয়ে দক্ষ দুঁদে আইনজীবীর। ফলে সারা দেশ জুড়ে পেশাদার আইনজ্ঞের চাহিদা উত্তরোত্তর বাড়ছে। তাই তাল মিলিয়ে বাড়ছে আইন নিয়ে পড়াশোনার ঝোঁক। আইন এমন একটি পেশা, যা সব প্রতিষ্ঠানেই সমানভাবে লাগে। আবার দৈনন্দিন জীবনের প্রতিটি ক্ষেত্রে এটি আমাদের সবার কাজে লাগে। যেমন আধার কার্ড, ভোটার কার্ড, প্যান কার্ড বা, পাশপোর্ট সংশোধন করবেন— আইনজীবীর কাছে যেতে হবে; আবার Affidavit করার জন্য, সম্পত্তি কেনা বেচা করার জন্যও যেতে হবে সেই আইনজীবীর কাছেই। অর্থাৎ, এক কথায় যেকোনো কাজে বৈধতা পেতে আইনজীবীর কাছে যেতেই হবে। আইন পাশ করে যেমন সরকারি চাকরি পাবেন, তেমনই আবার বড় কর্পোরেট সংস্থায় আপনি সহজেই মোটা মাইনের চাকরি পাবেন। আবার প্রাইভেট বা, সরকারি প্র্যাক্টিস করেও দারুনভাবে কেরিয়ার তৈরি করতে পারবেন। অর্থাৎ, এই পেশায় আসলে যেমন সামাজিক সম্মান বাড়বে, তেমনই স্বচ্ছলভাবে জীবনযাপনও করা যাবে।



### আইন পেশায় কী কী কাজের সুযোগ

আইন পাশ করে মহকুমা আদালত, জেলা জজ কোর্ট, হাই কোর্ট, সুপ্রিম কোর্টে পেশাদার উকিল হিসাবে ওকালতি করতে পারবেন। কয়েক বছর ওকালতি করার পর রাজ্য সরকারের পি.এস.সি.'র জুডিশিয়াল সার্ভিসেস পরীক্ষা দিয়ে বিচারক হিসাবে চাকরি পেতে পারেন। জমি-জায়গা, বাড়ি, ফ্ল্যাট, সম্পত্তি রেজিস্ট্রি সংক্রান্ত কাজ করতে পারবেন। সরকারি বা, বেসরকারি ব্যাঙ্ক বা, কোনো আর্থিক প্রতিষ্ঠান কিংবা কর্পোরেট সেক্টরের লিগ্যাল অ্যাডভাইজার হিসাবে চাকরি পেতে পারেন। আর্মি, নেভি ও এয়ারফোর্সে বা, প্যারা মিলিটারিতে চাকরির সুযোগ আছে। বিভিন্ন ল' ফার্মে কিংবা চার্টার্ড ফার্মে চাকরির সুযোগ আছে। এছাড়াও বিভিন্ন সংবাদমাধ্যমের অফিসে চাকরি পেতে পারেন।

### কী ধরনের কোর্স পড়ানো হয়

JRSET কলেজ অফ ল'-তে আইনের দুই ধরনের কোর্স পড়ানো হয় : (১) BA LL.B (Hons) কোর্স, (২) LL.B কোর্স।

**(1) BA, LL.B (Hons)** হল ৫ বছরের কোর্স। যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা মোট অন্তত ৪৫% (SC/ST হলে ৪০%, OBC হলে ৪২%) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারবেন। বয়সের কোনো উর্ধ্বসীমা নেই। সেশন শুরু জুন-জুলাইয়ে। ফী 2.5 লাখ টাকা। কল্যাণী বিশ্ববিদ্যালয়ের অনুমোদিত ও বার কাউন্সিল অফ ইন্ডিয়া (BCI)-এর স্বীকৃত এই কোর্স।

**(2) LL.B** হল ৩ বছরের কোর্স। যে কোনো শাখায় গ্র্যাজুয়েট বা, পোস্ট গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা মোট অন্তত ৪৫% (SC/ST হলে ৪০%, OBC হলে ৪২%) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। যাঁদের ডিগ্রি কোর্সে ৪৫% নম্বর নেই, কিন্তু পোস্ট-গ্র্যাজুয়েট কোর্সে ৪৫% নম্বর আছে, তাঁরাও এই কোর্স পড়তে পারবেন। বয়সের কোনো উর্ধ্বসীমা নেই। সেশন শুরু জুন-জুলাইয়ে। ফী 2.5 লাখ টাকা। কল্যাণী বিশ্ববিদ্যালয়ের অনুমোদিত ও বার কাউন্সিল অফ ইন্ডিয়া (BCI)-এর স্বীকৃত এই কোর্স।

### কেন JRSET কলেজে আইন পড়বেন

JRSET Law College নদিয়া জেলার একটি প্রখ্যাত ও স্বীকৃত আইন শিক্ষা প্রতিষ্ঠান। এটি তার ছাত্রদের সর্বোচ্চ মানের আইনি শিক্ষা প্রদান ও পেশাদারিত্ব অর্জনে সহায়তা করার জন্য সুপরিচিত। আইনি শিক্ষা ক্ষেত্রে উৎকর্ষ সাধন ও শিক্ষার্থীদের সফল আইনজীবী হয়ে ওঠার জন্য এটি একটি আদর্শ স্থান। এখানকার Faculty-রা অনেক অভিজ্ঞ। উন্নতমানের স্টাডি মেটেরিয়ালস দেওয়া হয়। মনোরম পরিবেশে পড়ানো হয়। খেলাধূলার সুবিধা আছে। উন্নতমানের লাইব্রেরিতে পড়াশোনা করার সুযোগ আছে। NH-12 রাস্তার পাশে কলেজটি অবস্থিত হওয়ায় ট্রেন বা, বাসে যাতায়াতের ভালো সুবিধা আছে। ছেলেমেয়েদের আলাদা হস্টেল আছে। ঘরোয়া খাবারের ব্যবস্থা করা হয়। CCTV ক্যামেরার নজরদারিতে ও নিরাপত্তায় থাকবেন।

### অন্য প্রতিষ্ঠানের থেকে এখানে কী কী সুযোগ পাবেন

এখানে রয়েছে সুসজ্জিত ক্লাসরুম, সর্বাধুনিক প্রযুক্তি সহকারে একটি সমৃদ্ধ গ্রন্থাগার, একটি আই.টি. ল্যাব ও মক কোর্ট রুম। শিক্ষার্থীরা এখান থেকে তাদের প্রয়োজনীয় আইনি দক্ষতা অর্জনের জন্য হাতে-কলমে প্রশিক্ষণ পেয়ে থাকেন।

অন্যান্য প্রতিষ্ঠানের থেকে এখানকার ফ্যাকাল্টিরা অনেক বেশি অভিজ্ঞ। কোর্স শেষে বিভিন্ন সংস্থায় চাকরির জন্য কাউন্সেলিং করানো হয়। এছাড়াও পেশাদার আইনজ্ঞ হতে কোথায় কীভাবে যোগাযোগ করবেন তা জানানো হয়। কোর্স ফী কিস্তিতে দেওয়া যায়। কোর্স ফী সাধারণ মধ্যবিত্ত ছেলেমেয়েদের সাধ্যের মধ্যে। নিয়মিত ক্লাস পরীক্ষার মাধ্যমে মূল্যায়ন করা হয়। সেমেস্টারভিত্তিক পরীক্ষা পদ্ধতি ব্যবস্থা আছে। মক কোর্ট প্র্যাক্টিসের সুবিধাও আছে। কোর্স শেষে সময় মতো সার্টিফিকেট প্রদান করা হয়।

### ভরতির জন্য যোগাযোগের ঠিকানা :

JRSET College of Law, উত্তর পাঁচপোতা, পালপাড়া, চাকদহ নদিয়া। পিন-৭৪১২২২. ফোন : 7001181348, 7719130456, 8250132289. কলকাতা থেকে বাসে চাকদহ চৌমাথা স্টপেজ নেমেই কলেজ পাবেন। শিয়ালদহ থেকে ট্রেনে পালপাড়া স্টেশনে নেমে ৫ মিনিটের রাস্তা।

JOIN: VISION_ACADEMY_PDF

## কেন্দ্রীয় সরকারে ১ লাখ চাকরি

১ পাতার পর

ল্যাবরেটরি অ্যাটেন্ড্যান্ট, জুনিয়র ইঞ্জিনিয়ার, স্যানিটরি ইন্সপেক্টর, টেকনিশিয়ান, সাব-ইন্সপেক্টর, হেড কনস্টেবল, জুনিয়র কম্পিউটার, এক্স-রে অ্যাসিস্ট্যান্ট-সহ ২০০টি পদে কয়েক হাজার ছেলেমেয়ে নেওয়া হবে স্টাফ সিলেকশন কমিশনের ৭টি রিজিয়নের Phase -XIII/2025/ Selection Posts এর মাধ্যমে। মাধ্যমিক থেকে গ্র্যাজুয়েট যোগ্যতার ছেলেমেয়েরা এই পরীক্ষা দিতে পারবেন। প্রার্থী বাছাইয়ের জন্য কম্পিউটার বেসড মোডের পরীক্ষা হবে আগামী বছর জুন-জুলাই মাস নাগাদ। বিজ্ঞপ্তি বেরোবে ২০২৫ সালের ১৬ এপ্রিল। দরখাস্ত নেওয়া হবে১৫ মে পর্যন্ত।

**কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল :** কেন্দ্রীয় সরকারের রেলওয়ে বোর্ড, পররাষ্ট্র মন্ত্রক, আর্মড ফোর্সেস হেডকোয়ার্টার্স, সি.এস.এস. ইত্যাদি অফিসের অডিটর, 'জুনিয়র অ্যাকাউন্ট্যান্ট/অ্যাকাউন্ট্যান্ট, ট্যাক্স অ্যাসিস্ট্যান্ট', 'ডিভিশনাল অ্যাকাউন্ট্যান্ট', 'অন্যান্য সংস্থার অ্যাসিস্ট্যান্ট', 'ইন্সপেক্টর', 'ইন্সপেক্টর (সেন্ট্রাল এক্সাইজ /প্রিভেন্টিভ অফিসার/ এক্সামিনার)', ইনকাম ট্যাক্স ইন্সপেক্টর, 'সি.বি.আই.'এর সাব-ইন্সপেক্টর', 'অ্যাসিস্ট্যান্ট এনফোর্সমেন্ট অফিসার', জুনিয়র স্ট্যাটিস্টিক্যাল অফিসার ইত্যাদি পদে কয়েক হাজার ছেলেমেয়ে নেওয়া হবে। যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ২৭ কিংবা ৩০ বছরের মধ্যে।

প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। 'Combined Graduate Level Examination, 2025'এর মাধ্যমে। প্রার্থী বাছাই হবে ২টি ধাপে। প্রথম ধাপ (ফার্স্ট টায়ার) ও দ্বিতীয় ধাপের (সেকেন্ড টায়ার) পরীক্ষা হবে কম্পিউটার বেসড পরীক্ষা। এই পরীক্ষায় প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের। প্রথম ধাপের কম্পিউটার বেসড পরীক্ষা হবে জুন-জুলাই মাস নাগাদ। এই পদের বিজ্ঞপ্তি বেরোবে ২০২৫ সালের ২২ এপ্রিল। দরখাস্ত নেওয়া হবে ২১ মে পর্যন্ত।

**সেন্ট্রাল আর্মড পুলিশ ও দিল্লি পুলিশের সাব-ইন্সপেক্টর :** সেন্ট্রাল আর্মড পুলিশ ফোর্সে (সেন্ট্রাল রিজার্ভ পুলিশ ফোর্স, বর্ডার সিকিউরিটি ফোর্স, ইন্দো-তিব্বত সীমান্ত পুলিশ ও সেন্ট্রাল ইন্ডাস্ট্রিয়াল সিকিউরিটি ফোর্স, সশস্ত্র সীমা বল) 'সাব-ইন্সপেক্টর' আর দিল্লি পুলিশের সাব-ইন্সপেক্টর (এক্সিকিউটিভ) পদে কয়েক হাজার ছেলেমেয়ে নেওয়া হবে। যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। তবে দিল্লি পুলিশের সাব-ইন্সপেক্টর পদের বেলায় মোটর সাইকেল ও মোটর গাড়ি চালানোর বৈধ লাইসেন্স (এল.এম.ভি) থাকতে হবে। বয়স হতে হবে ২০ থেকে ২৫ বছরের মধ্যে।

প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। 'Recruitment of Sub-Inspector in Delhi Police and Central Armed Police Forces Examination, 2025' পরীক্ষার মাধ্যমে। প্রার্থী বাছাইয়ের পরীক্ষা হবে দু'টি পর্যায়ে। প্রথম পর্যায়ের কম্পিউটার বেসড পরীক্ষা হবে আগামী বছর জুলাই-আগস্ট মাস নাগাদ। বিজ্ঞপ্তি বেরোবে ২০২৫ সালের ১৬ মে। দরখাস্ত নেওয়া হবে ১৪ জুন পর্যন্ত।

**কম্বাইন্ড হায়ার সেকেন্ডারি লেভেল :** কেন্দ্রীয় সরকারের বিভিন্ন মন্ত্রক, বিভাগ ও অফিসে কাজের জন্য 'লোয়ার ডিভিশন ক্লার্ক/জুনিয়র সেক্রেটারিয়েট অ্যাসিস্ট্যান্ট' ও 'ডাটা এন্ট্রি অপারেটর', ডাক বিভাগের পোস্টাল অ্যাসিস্ট্যান্ট-সর্টিং অ্যাসিস্ট্যান্ট পদে ছেলেমেয়ে নেওয়া হবে।

যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা কম্পিউটারে ইংরিজি টাইপিংয়ে মিনিটে অন্তত ৩৫ টি শব্দ তোলার গতি থাকলে কিংবা প্রতি ঘন্টায় ৮,০০০/১০,৫০০ কী ডিপ্রেশনে গতি থাকলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে।

প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। 'Combined Higher Secondary Level (10+2) Level Examination, 2025' পরীক্ষার মাধ্যমে। প্রার্থী বাছাইয়ের জন্য দু'টি পর্যায়ের পরীক্ষা হবে। প্রথম পর্যায়ের কম্পিউটার বেসড পরীক্ষা হবে জুলাই-আগস্ট নাগাদ। এই পরীক্ষার বিজ্ঞপ্তি বেরোবে ২০২৫ সালের ২৭ মে। দরখাস্ত নেওয়া হবে ২৫ জুন পর্যন্ত।

**মাল্টি টাস্কিং স্টাফ (এম.টি.এস.) :** কেন্দ্রীয় সরকারের বিভিন্ন মন্ত্রক, বিভাগ বা, অফিসে কাজের জন্য 'মাল্টি টাস্কিং (নন-টেকনিক্যাল) স্টাফ' ও 'হাবলদার' পদে কয়েক হাজার ছেলেমেয়ে নেওয়া হবে। মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা দুই পদের জন্যই আবেদন করতে পারেন। হাবলদার পদের বেলায় শরীরের মাপজোখ হতে হবে ছেলেদের ক্ষেত্রে লম্বায় অন্তত ১৫৭.৫ সেমি, বুকের ছাতি অন্তত ৮১ সেমি (অন্তত ৫ সেমি ফোলানোর ক্ষমতা থাকতে হবে)। মেয়েদের ক্ষেত্রে লম্বায় অন্তত ১৫২ সেমি আর ওজন অন্তত ৪৮ কেজি।

বয়স হতে হবে — মাল্টি টাস্কিং স্টাফ ও হাবলদার (সেন্ট্রাল ব্যুরো অফ ন্যারকোটিক্সের রেভেনিউ বিভাগের জন্য)১৮ থেকে ২৫ বছরের মধ্যে। হাবলদার (সেন্ট্রাল বোর্ড অফ ইনডায়রেক্ট ট্যাক্স অ্যান্ড কাস্টমসের রেভেনিউ বিভাগের জন্য) আর মাল্টি টাস্কিং স্টাফ-এর কিছু পদের জন্য ১৮ থেকে ২৭ বছরের মধ্যে।

প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। 'Multi Tasking (Non -Technical) Staff and Havaldar (CBIC & CBN) Examination, 2025' পরীক্ষার মাধ্যমে। প্রথমে সর্বভারতীয় পর্যায়ের অনলাইন (কম্পিউটার বেসড টেস্ট) পরীক্ষা হবে সেপ্টেম্বর-অক্টোবর নাগাদ। এই পরীক্ষার বিজ্ঞপ্তি বেরোবে ২০২৫ সালের ২৬ জুন। দরখাস্ত নেওয়া হবে ২৫ জুলাই পর্যন্ত।

**স্টেনোগ্রাফার গ্রেড 'সি' ও 'গ্রেড 'ডি' :** কেন্দ্রীয় সরকারের বিভিন্ন অফিসে কাজের জন্য 'স্টেনোগ্রাফার গ্রেড-সি' ও 'স্টেনোগ্রাফার গ্রেড-ডি' পদে কয়েকশো ছেলেমেয়ে নেওয়া হবে। যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। গ্রেড 'ডি' স্টেনোগ্রাফার পদের বেলায় ইংরিজি শর্টহ্যান্ড ও কম্পিউটার টাইপিংয়ে মিনিটে যথাক্রমে অন্তত ৮০টি ও ৫০টি শব্দ তোলার গতি থাকা দরকার। আর গ্রেড 'সি' স্টেনোগ্রাফার পদের বেলায় ইংরিজি শর্টহ্যান্ড ও কম্পিউটার টাইপিংয়ে মিনিটে যথাক্রমে অন্তত ১০০টি ও ৪০টি শব্দ তোলার গতি থাকা দরকার। বয়স হতে হবে স্টেনোগ্রাফার গ্রেড-সি পদের বেলায় ১৮ থেকে ৩০ বছরের মধ্যে আর স্টেনোগ্রাফার গ্রেড-ডি পদের বেলায় ১৮ থেকে ২৭ বছরের মধ্যে।

প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। '২০২৫ সালের স্টেনোগ্রাফার (গ্রেড-সি ও গ্রেড-ডি) এক্সামিনেশন'এর মাধ্যমে। প্রথমে কম্পিউটার বেসড পরীক্ষা হবে অক্টোবর-নভেম্বরে। এই পদের বিজ্ঞপ্তি বেরোবে ২০২৫ সালের ২৯ জুলাই। দরখাস্ত নেওয়া হবে ২১ আগস্ট পর্যন্ত।

**জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল, মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল) :** সেন্ট্রাল পাবলিক ওয়ার্কস ডিপার্টমেন্ট, মিলিটারি ইঞ্জিনিয়ারিং সার্ভিস, সেন্ট্রাল ওয়াটার কমিশন ও ফারাক্কা ব্যারেজে কাজের-জন্য 'জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল, মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, কোয়ান্টিটি সার্ভেয়িং অ্যান্ড কন্ট্র্যাক্ট)' পদে ছেলেমেয়ে নেওয়া হবে। সিভিল, ইলেক্ট্রিক্যাল বা, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা সি.পি.ডব্লু.ডি.'র 'জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল)' পদের জন্য আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩২ বছরের মধ্যে। মূল মাইনে : ৩৫,৪০০-১,১২,৪০০ টাকা।

প্রার্থী বাছাই করবে 'স্টাফ সিলেকশন কমিশন'। ২০২৫ সালের 'জুনিয়র ইঞ্জিনিয়ার্স (সিভিল, মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল) পরীক্ষার মাধ্যমে। প্রথমে অবজেক্টিভ টাইপের কম্পিউটার বেসড পরীক্ষা হবে অক্টোবর-নভেম্বরে। বিজ্ঞপ্তি বেরোবে ৫ আগস্ট। দরখাস্ত নেওয়া হবে ২৮ আগস্ট পর্যন্ত।

**দিল্লি পুলিশের কনস্টেবল :** দিল্লি পুলিশ 'কনস্টেবল (এক্সিকিউটিভ)' পদে ছেলেমেয়ে নেবে। পশ্চিমবঙ্গ-সহ সারা ভারতের প্রার্থীরা আবেদন করতে পারবেন। যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। ছেলেদের বেলায় মোটর সাইকেল বা, মোটর গাড়ি চালানোর বৈধ লাইসেন্স থাকতে হবে। লার্নার্স লাইসেন্স থাকলে যোগ্য নন। এন.সি.সি. পাশ হলে বাড়তি যোগ্যতা হিসাবে ধরা হবে।

বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে।

প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। 'Constable (Executive) Male and Female in Delhi Police Examination-2025'র মাধ্যমে। প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে কম্পিউটার বেসড পরীক্ষা হবে, নভেম্বর-ডিসেম্বরে। বিজ্ঞপ্তি বেরোবে ২ সেপ্টেম্বর। দরখাস্ত করার শেষ তারিখ ১ অক্টোবর।

**দিল্লি পুলিশের কনস্টেবল (ড্রাইভার) :** দিল্লি পুলিশ 'কনস্টেবল (এক্সিকিউটিভ)' পদে ছেলে নেবে। পশ্চিমবঙ্গ-সহ সারা ভারতের প্রার্থীরা আবেদন করতে পারবেন। যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেরা আবেদন করতে পারেন। ছেলেদের বেলায় মোটর সাইকেল বা, মোটর গাড়ি চালানোর বৈধ লাইসেন্স থাকতে হবে। লার্নার্স লাইসেন্স থাকলে যোগ্য নন। এন.সি.সি. পাশ হলে বাড়তি যোগ্যতা হিসাবে ধরা হবে।

বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে।

প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। 'Constable (Driver) Male in Delhi Police Examination-2025'র মাধ্যমে। প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে কম্পিউটার বেসড পরীক্ষা হবে, নভেম্বর-ডিসেম্বরে। বিজ্ঞপ্তি বেরোবে ১৯ সেপ্টেম্বর। দরখাস্ত করার শেষ তারিখ ১২ অক্টোবর।

**দিল্লি পুলিশের হেড কনস্টেবল (মিনিস্ট্রিয়াল) :** যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। 'Head Constable (Ministrial) in Delhi Police Examination-2025'র মাধ্যমে। প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে কম্পিউটার বেসড পরীক্ষা হবে, ২০২৫ সালের ডিসেম্বরে কিংবা ২০২৬ সালের জানুয়ারিতে। বিজ্ঞপ্তি বেরোবে ৭ অক্টোবর। দরখাস্ত করার শেষ তারিখ ৫ নভেম্বর।

**হেড কনস্টেবল (অ্যাসিস্ট্যান্ট ওয়্যারলেস অপারেটর /টেলি প্রিন্টার অপারেটর) :** যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। 'Head Constable (Assistant Wireless Operator/ Tele Printer Operator) in Delhi Police Examination-2025'র মাধ্যমে। প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে কম্পিউটার বেসড পরীক্ষা হবে, ২০২৫ সালের ডিসেম্বরে কিংবা ২০২৬ সালের জানুয়ারিতে। বিজ্ঞপ্তি বেরোবে ১৪ অক্টোবর। দরখাস্ত করার শেষ তারিখ ৬ নভেম্বর।

**কেন্দ্রীয় আর্মড পুলিশ ও অসম রাইফেলসে কনস্টেবল (জেনারেল ডিউটি) :** কেন্দ্রীয় সরকারের স্বরাষ্ট্র মন্ত্রকের অধীন বর্ডার সিকিউরিটি ফোর্স, সেন্ট্রাল ইন্ডাস্ট্রিয়াল সিকিউরিটি ফোর্স, ইন্দো-তিব্বত সীমান্ত পুলিশ, সশস্ত্র সীমা বল ও সেক্রেটারিয়েট সিকিউরিটি ফোর্স (এস.এস.এফ.)'-এ 'কনস্টেবল (জেনারেল ডিউটি)' পদে. অসম রাইফেলসে 'রাইফেলম্যান (জেনারেল ডিউটি)' আর নারকোটিক্স কন্ট্রোল ব্যুরোতে সেপাই পদে কয়েক হাজার ছেলেমেয়ে নেওয়া হবে। মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা এই পদের জন্য আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৩ বছরের মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে ছেলেদের বেলায় লম্বায় অন্তত ১৭০ সেমি. আর বুকের ছাতি না-ফুলিয়ে ৮০ সেমি. ও ফুলিয়ে ৮৫ সেমি.। মহিলাদের বেলায় লম্বায় অন্তত ১৫৭ সেমি.।

প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। 'Constable (GD) in Central Armed Police Forces (CAPFs), SSF, Rifleman (GD) in Assam Rifles and Sepoy in Narcotics Control Bureau Examination, 2025'এর পরীক্ষার মাধ্যমে।

প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে 'কম্পিউটার বেসড পরীক্ষা (সি.বি.ই.)' হবে ২০২৬ সালের মার্চ-এপ্রিল নাগাদ। বিজ্ঞপ্তি বেরোবে ২০২৫ সালের ১১ নভেম্বর। দরখাস্ত নেওয়া হবে ১৫ ডিসেম্বর পর্যন্ত।

ওপরের সব পদের বেলায় সরকারিভাবে বিজ্ঞপ্তি বেরোলে তখন বিস্তারিত তথ্য যথাসময়ে 'কর্মসংস্থানে' দেওয়া হবে। প্রার্থীদের প্রস্তুতির জন্য এই তথ্য আগাম দেওয়া হল।

কর্মসংস্থান
বিজ্ঞাপনের জন্য
সরাসরি যোগাযোগ
✆: 9830795430

গতবারের মতো এবারেও
কমন
পেতে হলে কিনুন
রাজ্য পুলিশের
Constable
২০২৪ স্পেশাল
অনলাইন পরীক্ষার
কৃতীদের তৈরি মডেল প্রশ্নোত্তর
হোয়াটসঅ্যাপে পেতে ফোন করুন :
6291684943
মাত্র
৪০০/- টাকা
৩০০/- টাকা
সাফল্য
সাফল্য
সাধনার জ্ঞান

## এন.ডি.এ আর এন.এ পরীক্ষার মাধ্যমে ৪০৬

১ পাতার পর

অন্যতম বিষয় হিসাবে নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা 'বিমানবাহিনী' (এয়ারফোর্স), 'নৌবাহিনীর (নেভি)' বা, ন্যাভাল অ্যাকাডেমির ১০+২ ক্যাডেট এন্ট্রি স্কিমে আবেদন করতে পারেন।

ন্যাভাল অ্যাকাডেমিতে শুধুমাত্র ছেলেরা আর আর্মি, নেভি ও এয়ারফোর্সে ছেলেমেয়েরা আবেদন করতে পারবেন। আগামী বছরের উচ্চমাধ্যমিক পরীক্ষার্থীরাও আবেদন করার যোগ্য।

সব বাহিনীর ক্ষেত্রেই জন্ম-তারিখ হতে হবে ২-৭-২০০৬ থেকে ১-৭-২০০৯'এর মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৫৭.৫ সেমি (বিমানবাহিনীর বেলায় ১৬২.৫ সেমি), বয়স ও উচ্চতার অনুপাতে ৪৫ কেজি থেকে ৬৫ কেজি ওজন। দৃষ্টিশক্তি হতে হবে দূরের বেলায় চশমা ছাড়া ৬/৬ বা, ৬/৯ (যা ৬/৬ পর্যন্ত সংশোধনযোগ্য) ও কাছের বেলায় ±৫। এছাড়া লাল ও সবুজ রঙ আলাদাভাবে চেনার ক্ষমতা, স্বাভাবিক শ্রবণশক্তি ও সুস্বাস্থ্য দরকার। দৈহিক ত্রুটি থাকলে আবেদন করার যোগ্য নন। আর্মি, নেভি ও এয়ারফোর্সে ১৫৫তম আর ইন্ডিয়ান ন্যাভাল অ্যাকাডেমির ১১৭তম কোর্সের ট্রেনিং শুরু ২০২৬ সালের ১ জানুয়ারি।

শূন্যপদ : ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমিতে (১৫৫তম কোর্সে) — ৩৭০টি। এর মধ্যে সেনাবাহিনীতে ২০৮ (ছেলে ১৯৮, মেয়ে ১০), নৌবাহিনীতে ৪২টি (ছেলে ৩৬, মেয়ে ৬), বিমানবাহিনীর ফ্লাইং ব্রাঞ্চে ৯২টি (ছেলে ৯০, মেয়ে ২), গ্রাউন্ড ডিউটি (টেক)-এ ১৮টি (ছেলে ১৬, মেয়ে ২), গ্রাউন্ড ডিউটি (নন-টেক) -১০টি (ছেলে ৮, মেয়ে ২)।

ন্যাভাল অ্যাকাডেমিতে (১১৭তম কোর্সে) (১০+২ ক্যাডেট এন্ট্রি স্কিম) ৩৬টি (ছেলে ৩১, মেয়ে ৫)। এই পদের বিজ্ঞপ্তি নং : 03/2025-NDA-1, Dated: 11-12-2024.

প্রার্থী বাছাই করবে ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন। 'ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমি অ্যান্ড ন্যাভাল অ্যাকাডেমি এক্সামিনেশন (।), ২০২৫'র মাধ্যমে। প্রথমে হবে লিখিত পরীক্ষা, ১৩ এপ্রিল। পূর্ব-ভারতের এইসব কেন্দ্রে : কলকাতা, শিলিগুড়ি, গ্যাংটক, কটক, দিসপুর (গুয়াহাটি), শিলঙ, জোরহাট, পটনা, আগরতলা ও পোর্ট ব্লেয়ার। মোট ১ দিনের পরীক্ষা। এই পরীক্ষায় থাকবে এই দু'টি পেপার : (১) ৩০০ নম্বরের ম্যাথমেটিক্স (কোড ০১), (২) ৬০০ নম্বরের জেনারেল এবিলিটি টেস্ট (কোড ০২)। প্রতিটি পেপারে থাকবে আড়াই ঘন্টা করে সময়। উত্তর দিতে হবে ও.এম.আর. শীটে। নেগেটিভ মার্কিং আছে। সফল হলে ৯০০ নম্বরের ইন্টেলিজেন্স ও পার্সোন্যালিটি টেস্ট হবে। এই টেস্টে থাকবে ভার্বাল ও নন-ভার্বাল প্রশ্ন। এরপর হবে গ্রুপ ডিসকাশন, গ্রুপ প্ল্যানিং, আউটডোর গ্রুপ টাস্ক ও একটি বিশেষ বিষয়ে সংক্ষিপ্ত বক্তৃতা। সফল হলে ৩ বছরের ট্রেনিং। প্রথম আড়াই বছর হবে পুণের 'ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমি'তে। এই ট্রেনিংয়ে সফল হলে দিল্লির জওহরলাল নেহেরু বিশ্ববিদ্যালয়ের বি.এ. বা, বি.এসসি. পাশের সার্টিফিকেট পাবেন। ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন পরীক্ষা হওয়ার ৩ সপ্তাহ আগে থেকে। পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত সিলেবাস পাবেন এই ওয়েবসাইটে : www.upsc.gov.in

দরখাস্ত করবেন অনলাইনে, ৩১ ডিসেম্বর পর্যন্ত। এই ওয়েবসাইটে : https://www.upsconline.gov.in অনলাইনে দরখাস্ত করার জন্য প্রথমে পার্ট-ওয়ান ও পরে পার্ট-টু রেজিস্ট্রেশন করতে হবে। দরখাস্ত করার আগে প্রথমে ফটো ও সিগনেচার জে.পি.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নেবেন। স্ক্যান করা প্রতিটি অংশ ৪০ কে.বি.'র মধ্যে হতে হবে। তবে ফটো ৩ কে.বি. ও সিগনেচার ১ কে.বি.'র নিচে হলে হবে না। এছাড়াও পরীক্ষা ফী বাবদ ১০০ (মহিলা ও তপশিলীদের ফী লাগবে না) টাকা স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার কোনো শাখায় নগদে দিতে পারেন কিংবা এস.বি.আই. নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে বা, ভিসা /মাস্টার কার্ড / ক্রেডিট কার্ড / ডেবিট কার্ডের মাধ্যমে দিতে পারেন, ৩১ ডিসেম্বরের মধ্যে। কোনো অসুবিধা হলে ফোন করুন এই নম্বরে : 011-23010097/011-23011282.

Owner : Sangsthaan Prakashan Pvt. Ltd., Printer : Mousumi Ghosh, Publisher : Mousumi Ghosh, Published from Flat No. B-3, 2nd Floor, 12/3/4 Jamir Lane, Kolkata - 700 019, Dist. : 24 Parganas (South), West Bengal and Printed from Sangsthaan Prakashan Pvt. Ltd., Vill : Nazirabad - Uchchepota, P.O. : Uchchepota, Gram Panchayet : Kheadaha, Dist. 24 Parganas (South), Kolkata - 700 150, West Bengal, Editor : Mousumi Ghosh. M. : 6291684943, E-Mail : karmsang@gmail.com

JOIN: VISION_ACADEMY_PDF